

COMPUTER JAGAT

প্রতিষ্ঠাতা: অধ্যাপক আবদুল কাদের

THE MONTHLY
COMPUTER JAGAT
Leading the IT movement in Bangladesh

জগৎ

- ▶ আইবল দিয়ে ভিডিও চ্যাটিং
- ▶ এডোবি প্রিমিয়ারে সাউন্ড মিক্সিং
- ▶ স্মার্ট কফি কাপ
- ▶ ফটোশপে থ্রী-ডি ইফেক্ট
- ▶ মায়ায় এনিমেশন প্রজেক্ট
- ▶ ফ্লাশে শেপ হিন্ট ও মোশন গাইড


OCTOBER 2004 14TH YEAR VOL. 6

স্বাক্ষরিত ২০০৪ সালের ১৪তম বর্ষ ১৪তম সংখ্যা

২১,০০,০০০ কোটি টাকা উপার্জনের নতুন আইসিটি খাত

হেলথকেয়ার ইনফরমেটিক্স

পৃষ্ঠা-২৭



মাসিক কম্পিউটার জগৎ-এর
মূল্যে ছড়ানো টাকার হার (টাকায়)

দেশ/সংস্করণ	১২ সংখ্যা	১৪ সংখ্যা
বাংলাদেশ	৫০০	৯০০
সর্বত্রীয় ভারতীয় টাকায়	৯৪০	১৪০০
এশিয়ার অন্যদেশ টাকায়	১০৪০	১৬০০
ইউরোপ/মার্কিন	১৪৪০	২০০০
জার্মানি/জাপান	২৪০০	৩২০০
সুইডেন	২৬০০	৩৬০০

জগৎ-এর মূল্য নির্ধারণের টাকার হার ক'র হারটি আনুমানিক "স্বাক্ষরিত" করে। মাসে জগৎ-এর ১২, বিক্রয় কম্পিউটার সফটওয়্যার, হার্ডওয়্যার, ই-কন্টেন্ট, ই-কমার্স, ই-গভর্নমেন্ট, ই-কমিউনিটি ইত্যাদি বিষয়ে লিখিত থাকে।

ফোন : ৯৬১০৪৪৪, ৯৬১০৭৪০, ৯৬১০৪২২
৯৬১০৬৭৯, ০২৭১-৪৪৪১৩১

ফ্যাক্স : ৯৬-০২-৯৬০৪৭২০

E-mail : jagat@comjagat.com

Web : www.comjagat.com

ই-গভর্নমেন্ট কত দূরে?

পৃষ্ঠা-০৪

সূচী - পৃষ্ঠা ২১
বিজ্ঞাপন সূচী - পৃষ্ঠা ২৪
খবর - পৃষ্ঠা ৮১

সূচীপত্র

২৩ সম্পাদকীয়

২৫ পাঠকের মতামত

২৭ হেলথকেয়ার ইনফরমেশন

২০০৮ সাল নাগাদ যুক্তরাষ্ট্রের হেলথকেয়ার ইনফরমেশন প্রসেসিং খাতে ব্যয় হবে ২.১ লাখ কোটি ডলার। এ থেকে বেশিরভাগ কাজই আউটসোর্সিংয়ের মাধ্যমে সম্পন্ন করা হবে। ভারতের লক্ষ্য রয়েছে এ খাত থেকে ২০ হাজার কোটি টাকা আয় করা। এ ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান কেমন? বাংলাদেশের করণীয়া কী তা নিয়ে এবারের প্রবন্ধ প্রতিবেদন লিখেছেন শ্রী রায় চৌধুরী।

৩৫ ই-গভর্নেন্সে কত দূরে?

ই-গভর্নেন্সে প্রতিষ্ঠা করতে হবে তথ্য সচিবালয়ের আইনসিদ্ধিকরণই যথেষ্ট নয়, সরকারকে অনেক ই-উদ্যোগই নিতে হবে তাই নিয়ে লিখেছেন আবীর হাসান।

৩৮ নীল অভলের মহাসরণি?

অতীত থেকে বর্তমান পর্যন্ত ফাইবার অপটিক্স কাফল সংযোগের ক্ষেত্রে যেসব জটিলতা সৃষ্টি হয়েছে তা নিয়ে লিখেছেন মোস্তাফা জম্মার।

৩৯ খুলনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নে সফটওয়্যার মন্ত্রকের প্রয়াস?

খুলনার কম্পিউটার সিটি ও খুলনার বেশিএলএ'র ওপর সিস্টেমার্থী প্রতিবেদনটি লিখেছেন কামাল আরমানান।

৪১ দক্ষিণ কোরিয়ায় ব্রহ্মাভেদর ব্যবহার এবং আমাদের অবস্থান

তুলনাত্মক ও দক্ষিণ কোরিয়ায় ব্রহ্মাভেদর নিয়ন্ত্রণের তুলনামূলক আলোচনা এবং বাংলাদেশের অবস্থান সম্পর্কে লিখেছেন মইন উদ্দীন মাহমুদ।

৪৪ বাংলাদেশে ই-কমার্শের বর্তমান ও ভবিষ্যত

বাংলাদেশে ই-কমার্শে বাস্তব লক্ষ্যে অনুসরণীয় উদ্যোগ ও করণীয়া সম্পর্কে লিখেছেন প্রকৌশলী সাপাহউদ্দীন আহমেদ।

৪৬ AMD'র নতুন সংযোজন: সারপ্রেশন প্রসেসর

প্রসেসর স্যাপ্রেশন উৎপাদনে এএমডি'র লক্ষ্য ও উদ্দেশ্য এবং সুবিধার সম্পর্কে নিবন্ধটি লিখেছেন মাহমুদ আহমেদ।

৪৭ স্মার্ট কফি কাপ মিডিয়াস্কাপ

মানুষের মনের ডাব বুকে কাজ করার উপযুক্ত ক্ষমতাসম্পন্ন প্রযুক্তির মিডিয়াস্কাপ সম্পর্কে লিখেছেন শ্রী রায় চৌধুরী।

48 English Section

• Design Structure Diagram

50 NEWS WATCH

- Hitachi and HP Offer High-performance Gigabyte Drives
- COMPUTER ASSOCIATES PARTNERS WITH INGRAM MICRO
- TWS Electronics launches its products in Bangladesh
- INGRAM MICRO TO ACQUIRE TECH PACIFIC

৫৯ সফটওয়্যার কারুকাঙ্ক

এবারের কারুকাঙ্ক বিভাগে টিপস লিখেছেন ব্যথাকমে ডানজিম-উল-হক, রিয়ওয়ান মোহাম্মদ আলী এবং আসিফ হোসেন।

৬০ ওয়েব ডুবন

ড্রাইভার গাইড এবং ওয়েব বাংলাদেশ নিয়ে সমালোচনা করেছেন সিকতা শাহরিয়ার।

৬১ আইবল দিয়ে ডিডিও চ্যাটিং

আইবলের ডানলোড এবং চ্যাট করার কৌশল সম্পর্কে লিখেছেন মো: ওমর ফয়সাল।

৬২ স্মার্ট ওয়েব পেজের লক্ষ্যে জাভাস্ক্রিপ্ট

জাভাস্ক্রিপ্ট ব্যবহার, জাভা ও জাভাস্ক্রিপ্টের পার্থক্য, ড্রিমওয়ারের মাধ্যমে জাভাস্ক্রিপ্টের ব্যবহার ইত্যাদি নিয়ে লিখেছেন বিপন চক্রবর্তী।

৬৫ ওয়্যাপ টেকনোলজি

ওয়্যাপসে এপ্রিকেশন প্রটোকলের কাজের ধরন, উন্নয়ন ইত্যাদি বিবয় নিয়ে লিখেছেন মো: সাইফুল্লাহ।

৬৬ ফৌজের কার্ট আইবি এন্ডস ও প্রোটকল হাইটিং

নেটওয়ার্ক কার্ডে একাধিক প্রোটকল হাইটিং করার প্রক্রিয়া সম্পর্কে লিখেছেন কে, এম, আলী বেগা।

৬৮ পল্লি সার্ভার

পল্লি সার্ভার কী, কেন ব্যবহার করা হয়, ব্যবহারের উদ্দেশ্য ইত্যাদি নিয়ে নিবন্ধটি লিখেছেন সৈয়দ জহুরুল ইসলাম।

৭০ প্রোগ্রামিং প্রজেক্ট- ব্রেক গেম

মেক গেম ও এর সোর্স কোড নিয়ে লিখেছেন নিফাত শাহরিয়ার।

৭৩ ফ্রাশে শেপ হিন্ডি ও মেশিন গাইড

ফ্রাশে এনিমেশনকে নিজের মতো নিয়ন্ত্রণ করার টুল শেপ হিন্ডি ও মেশিন গাইড সম্পর্কে লিখেছেন নূর হাসান।

৭৭ মায়ার এনিমেশন প্রজেক্ট

মায়াকর্পণ ও ওজনের ফলে মূলত রশির অবস্থানের পরিবর্তন মায়ায় এনিমেশনের কৌশল লিখেছেন মো: মোস্তফা আজাদ।

৭৮ ফটোশপে ক্রী-ডি ইফেক্ট

ফটোশপে ক্রীভাবে ক্রী-ডি ইফেক্ট তৈরি করা যায় সে সম্পর্কে লিখেছেন মোহিতুর রহমান।

৭৯ এডোবি প্রিমিয়ামের সাউন্ড মিক্সিং

এডোবি প্রিমিয়ামের অডিও ও ভিডিও সাউন্ড মিক্সিং সম্পর্কে লিখেছেন আকমল হোসেন।

৯৩ ডিবি ডট নেট লাইব্রেরি রেফারেন্স ব্যবহার

ডিবি ডট নেট অন্য কোন এপ্রিকেশন ব্যবহার করতে হলে কী করতে হবে তাই নিয়ে লিখেছেন মো: অহসান আরিফ।

৯৪ এক্সপি-তে স্বয়ংক্রিয় সিস্টেম রিকভারি

এক্সপি ইনস্টল, সিস্টেম রিকভারির কৌশল নিয়ে লিখেছেন নূর আফরোজা খুরশীদ।

৯৬ ওভারক্লকিংয়ে সতর্কতা

ওভারক্লকিং করার সময় যেসব বিষয়ে সতর্ক থাকতে হয় সে সম্পর্কে লিখেছেন সিকতা উর রহিম।

- ইন্টারন্যাশনাল ইনফরমেশন অসিটিভার অনুষ্ঠিত
- কানন ডিজিটাল পরিণত ও ফার্ম শে ২০০৪ অনুষ্ঠিত
- বলর নুমার গেম চলে যাই নিসপুত্র
- অফিস ২০০৬-এর সোর্সকোড উন্মুক্ত হচ্ছে
- পবিত্র রব্বাননে আনন্ড আইআইটি'র বিশেষ ছাড়
- কম্পিউটার সফটিং বুলনা গঠন
- ইপন স্রিণিথর বাজারায়াকরণ ফোরাম কর্ণাটে মইট
- SP2610 ও SP2612 ল্যান কার্ড বাজারায়াক
- যাই গেম ফেয়ার ২০০৪
- চিঠিগামে প্রোগ্রামিং প্রতিযোগিতা
- পেট কোয়েস্টনে ব্রুডওয়াজ সার্ভিস
- কাবেব নতুন কার্বনি'র কমিটি গঠন
- কম্পিউটার শিফক কল্যাণ সফটিং গঠন
- যুনি কাবেব ও সয়ার ইনফরমেশনিকেশনে বুলনা
- BBTA-এর সিলেট শাখা উন্মোল
- প্রোবল অনলাইন ও বাংলাদেশ ফিটনেট গোর্ডের হিট
- রে.এ.এল এসেসিটেশনের ক্যাসেভান
- ডাঞ্জেল DVC 120 ক্যাপচার কার্ড
- অটোডেস্কের নতুন ব্রিকান
- ডিএসএল রাইটোর ব্যাবহারে ১৬% Zvxxl-এর দাবল
- স্রী-ডি এনিমেশন ও বাংলাদেশে এর সত্ৰবনা শীর্ষক সেমিনার
- লাইট অন এলএসটিএর ৪x DVD RW এবং একটন'র ৪x DVD ড্রাবে ড্রাইভ
- হুইটেক প্রফেশনালসে সারটিফিকেট বিভরণ
- বেশিএলএইটিএফ মুক্তি
- JETRO আউটসোর্সিং ফোরাম বেশিএলএসএসের মুক্তি ফায়র
- নিটিসেসে ড্রি-পেইড কার্ডের মেয়াদ সর্বসমাপ্ত
- একটন ড্রি-পেইড কার্ডের মেয়াদ বর্ধিত
- সামসুং হার্ড ডিস্কের উন্মোল
- ইপনসেসে প্রোগ্রামিং বন্ধি ফেটিভল
- ইষ্টেল D915GAV মাদারবোর্ডে সার্পর্কিত প্রণিকরণ অনুষ্ঠিত
- গ্রামীণ ফোনসে গ্রাহক সংখ্যা ২০ লাখ
- আকবীরীয়ে ফোনসারই এলজি মইটির বিকি
- এজারমিডিয়া টিভি কার্ড কিনলে উপহার
- বিন গেসি থিফ্রেস শীর্ষ দলী
- MJBTC-তে ৪ বার মেয়াদী কম্পিউটার
- ক্যানেল কার্ড
- বাংলাদেশ অনলাইন ও নিবিএই'র মুক্তি
- ইটিএল অ্যাসোসিয়েটেড সেমিনার
- 'কস্টমার কেয়ার উইক ২০০৪'
- অসুশ'র P4B900-VM মাদারবোর্ড
- স্মার্ট টেকনোলজি'র সত্ৰকতা
- ইপিএস ৪৪৪P-A মাদারবোর্ডে বাজারায়াক
- পেপনার স্রিণিথর নিসলারসের পুরস্কার মেয়াদ
- বেশিএলএস ২ লাখ টাকা অনুদান
- মেয়াদসি পিনিস ফেজার জন্য মাইকসে
- ওয়েসি'র 9KLR ১৯ ইকি মইটির
- বইকসেসেটে মাদারবোর্ড V-6 UPL
- মাদার

নতুন সম্ভাবনাময় খাত 'হেলথকেয়ার ইনফরমেটিক্স'

একটা সময় ছিলো, যখন তথ্য প্রযুক্তি যে উন্নয়নের প্রধানতম হাতিয়ার হতে পারে, সেখানো অনেককেই বুঝানো যেতো না। কিন্তু সময়ের সাথে পাল্লা দিয়ে যখন তথ্য প্রযুক্তির সর্দর্প পদচারণা আমাদের চারপাশে জমেই বাড়েছে, তথ্য প্রযুক্তি সমৃদ্ধ সেবা যখন আমাদের প্রতিদিনের কাজকে সহজ ও দ্রুতের করে তুলেছে, তখন এর গুরুত্বটা এখন সবাই স্বীকার করছে। তবে এটাও ঠিক সবাই উপলব্ধি নিয়ে সে গুরুত্ব আরোপের কাজটা করছে না। জাতি হিসেবে আমরা বৃষ্টি সে কাবারেই পড়ি। কারণ, তথ্য প্রযুক্তি নিয়ে আমাদের যাবতীয় বোধ আসে সব সময় যীরুলয়ে। অন্যান্য দেশ তথ্য প্রযুক্তি বিষয়ে যেমন ত্বরিত গতিতে সিদ্ধান্ত ও পদক্ষেপ নিতে পারে, আমরা তেমন পারি না। ফলে এ খাতের প্রায় সব ক্ষেত্রেই আমাদের পিছিয়ে চলে।

কমপিউটার জগৎ-এর বিভিন্ন প্রসঙ্গ কাহিনী ও অন্যান্য লেখাপত্রের মাধ্যমে যখননভয়ে প্রযুক্তির যথাসুযোগ্যটি গ্রহণের জন্যে প্রয়োজনীয় প্রযুক্তি ও কার্যকর পদক্ষেপের তাগিদ দিয়ে আসছি। যদিও এসব তাগিদ অনেক সময় সাংগঠিতদের কাছে গুরুত্বহীনই থেকে গেছে। আমরা অনেক সম্ভাবনার কথাই আমাদের নীতি-নির্ধারক মহলকে তুলিয়েছি। নতুনদের দশককে শুরুতে আমরা ছাটা এড্টিভ সম্ভাবনার কথা তুলে ধরেছি। তাগিদ দিয়েছি ফাইব্রার অপটিক ক্যাবল সরবরাহ গড়ে তুলে অথবা মহানড়কে প্রবেশেরও। সফটওয়্যার শিল্পের সম্ভাবনার কথা তুলে ধরে প্রয়োজনীয় পদক্ষেপের কথা বলেছি। Y2K সমস্যা ও ইউরো কনভার্সনের অর্থনৈতিক গুরুত্বের কথাও তুলে ধরেছি জাতির সামনে। এমনি আরো অনেক সম্ভাবনার কথাই আমাদের নীতি-নির্ধারক মহলের কানে দিয়েছি। কিন্তু এসব ব্যাপারে তাদের ধীর গতিই লক্ষ করেছি। ফলে তথ্য প্রযুক্তিকে আমরা উন্নয়নের হাতিয়ার হিসেবে কাজে লাগাতে ব্যর্থ হই। এই পত্রের কমপিউটার এ কাজে পিছপা হয়নি। কারণ, আমরা মনে করি, আমাদের মতো দেশকে সমৃদ্ধির স্বর্ন শিল্পের পৌছানোর জন্যে তথ্য প্রযুক্তির সম্ভাবনাকে যথাযথভাবে ব্যবহার করা ছাড়া আর কোন বিকল্প নেই।

আইসিটি জগতের নতুন নতুন সম্ভাবনাময় খাত মাঝে-মাঝেই আমাদের সামনে এসে হাম্বিহ্ন হয়। যথার্থ উপলব্ধি নিয়ে সঠিক পদক্ষেপ নিলে এ সম্ভাবনাকে আমরা কাজে লাগাতে পারি। 'হেলথকেয়ার ইনফরমেটিক্স' তেমনটি একটি নতুন আইসিটি খাত। যুক্তরাজ্যে এ সমৃদ্ধজেই ২১ লাখ কোটি টাকার বেশি অঙ্কের বাজার। আমরা যথার্থ পদক্ষেপ নিয়ে হলেইছে লাখ লাখ কোটি টাকার এ বাজারে প্রবেশ করতে পারবো। তবে এর জন্যে চাই যথাযথ প্রযুক্তি ও পরিকল্পনা। ভারতসহ পার্শ্ববর্তী অনেক দেশেই সে লক্ষ্যে কাজ করে যাচ্ছে। ভারতের কেবলমাত্র রাজ্যের দুটি কোম্পানিই পরিকল্পনা করছে এ খাতের কাজ করে ২০ হাজার কোটি রুপি মুগ্ণের বৈদেশিক মুদ্রা আয়ের। এ লক্ষ্যে প্রবেশ কোম্পানি দুটি যুক্তরাষ্ট্রের হেলথকেয়ার বিভাগের প্রসঙ্গেই প্রতিযোগিতা বাজারে এখনও পরে পশ্চিম এশিয়া, প্রশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল ও ইউরোপের বাজারে প্রবেশ করবে। আমরা যদি ভারতের উদাহরণকে সামনে রেখে কোটি কোটি ডলারের এ বাজারে প্রবেশ করতে পারি, তবে অনেক আমাদের অর্থনীতি যে সমৃদ্ধ হতে, সে কথা নিশ্চিত বলে দোয়া যায়। এ উপলব্ধি মাধ্যম রেখে নীতি-নির্ধারণকণ সে ব্যাপারে ত্বরিত ও সঠিক পদক্ষেপটি এবার অন্তত নেবেন বর্ধেই আমাদের বিশ্বাস।

চিকিৎসার ক্ষেত্রে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ এবং স্বাস্থ্য সমস্যা সমাধানের জন্যে থারাপেউটিক্যাল ইনফরমেশন, উপাত্ত ও জ্ঞানের সর্বেশ্ব ব্যবহার, প্রয়োজনের মুহুর্তে তথ্য-খাতের দ্রুত ফিরে আসা ও সংরক্ষণ এসবের সমর্থিত বিজ্ঞানের একটি শাখা হচ্ছে হেলথকেয়ার ইনফরমেটিক্স। এর কাজের প্রয়োজ ক্ষেত্রে, এর জন্যে প্রয়োজনীয় যোগ্যতা, কার্য কোথায় এ কাজ করছে ইত্যাদি সম্পর্কে সন্ধ্যক তথ্য সমৃদ্ধ করে আমরা এ ক্ষেত্রে বইয়ের থেকে এসব কাজ নিয়ে আসতে পারি। আমাদের এ জন্যে সৃষ্টি পরিকল্পনা নিয়ে এগিয়ে যেতে হবে। মনে রাখতে হবে, এ উদ্যোগে আমরা সফল হতে পারবো। কারণ, আমাদের রয়েছে একটি শিকিত আইসিটি প্রজ্ঞান। এদের যথাযথভাবে কাজে লাগানো যেতে পারে এর মাধ্যমে।

আশা করবো, জাতীয় পর্যায়ে সঠিক পদক্ষেপ না নেয়ার কারণে অতীতের অনেক সম্ভাবনা হাত ছাড়া করার মতো হেলথকেয়ার ইনফরমেটিক্সের এই বিপুল সম্ভাবনা আমাদের হাত ছাড়া হবে না। সেই তাগিদই সাংগঠিতদের কাছে আমরা রাখছি।

উপসদস্য
ড. হামিহ্ন রেজা চৌধুরী
ড. মুহাম্মদ ইব্রাহিম
ড. মোহাম্মদ কায়েসুল্লাহ
ড. মোহাম্মদ আহমদুল হক
ড. মুশাফিক হুসাইন

সম্পাদনা উপসদস্য প্রকৌশলী এম. এম. জাহেদ
সম্পাদক এম. এ. বি. এম. কামরুজ্জামান
ভারপ্রাপ্ত সম্পাদক গোলাম সুবীর্ণ
সহযোগী সম্পাদক মহিন উদ্দিন আহমেদ
সহকারী সম্পাদক এম. এ. হুসেইন
কারণিকী সম্পাদক মে: আবদুল মোমেন হুসাইন
সম্পাদনা সহযোগী মে: আহমদ আলীক
সাথে টিমিক মাহমুদ

বিদেশ প্রতিবিম্বি
জাফান টীকিন মাহমুদ আমেরিকা
ড. পান এম্বাং-এ-পোহা কলম্বিয়া
ড. এম হাফেজ বুটেন
নির্মল চন্দ্র চৌধুরী অস্ট্রেলিয়া
সহযোগী সম্পাদক জাপান
এম. মাসুমী জরুত
ডা. ডি. মে: সাফিজুজ্জামান সিঙ্গাপুর
মে: হামিহ্ন হুসাইন মালয়েশিয়া
মহিন উদ্দিন পারভেজ অধ্যাপক

গ্রন্থক ও শিল্প নির্দেশক এম. এ. ডক স্বয়ং
কম্পোজ ও অসম্পাদক সফর হুসাইন হিহ্ন
আমাদের দায়িত্ব

মুদ্রা: কম্পিউটার প্রিন্টিং এন্ড পাবলিকেশন
০৬-০২, মেগন বারডা, ঢাকা।
স্বর্ষ ব্যবস্থাপক মাহমুদ আলী সিদ্দিক
বিজ্ঞান পত্র ব্যবস্থাপক নিরিন জাহাঙ্গীর
জনসংযোগ ও বিতরণ ব্যবস্থাপক প্রকৌ. মাসুমী নজর মাহমুদ
উৎপাদন ও বিতরণ ব্যবস্থাপক মাহমুদ হামিন
সহকারী বিতরণ ব্যবস্থাপক হামি মে: মাহমুদ মাহিন
অফিস সহকারী মে: আমানোর হোসেন

গ্রন্থপ্রকাশ: মাহমুদ কাদের
বক নম্বর ১১, বিল্ডিং কমপিউটার সিটি, রেজেক্স সড়কী
আবাসিক, ঢাকা-১২০৭
ফোন: ১৬১০৪৪৭, ১৬১০৪৪৮, ০২৭১-৪৪৪১১৩
ফ্যাক্স: ০২-৯২১০৬৪৭২৩
ই-মেইল: jg@comjagat.com
ওয়েব: www.comjagat.com

গোয়েদগারের টিমিক
কমপিউটার জগৎ
বক নম্বর ১১, বিল্ডিং কমপিউটার সিটি, রেজেক্স সড়কী
আবাসিক, ঢাকা-১২০৭। ফোন: ১২২৪৩৬৭

Editor S.A.B.M. Siddiqui
Editor in Charge Golap Monir
Associate Editor Md. Uddin Mahamud
Assistant Editor M. A. Haque Anwar
Technical Editor Md. Abdul Wahid Toral
Senior Correspondent Syed Abdul Ahmed
Correspondent Md. Abdul Haliz
Manager (Finance) Sajed Ali Boswa

Published from:
Computer Jagat
Room No. 11
BCS Computer City, Rokoya Sarani
Agargaon, Dhaka-1207
Tel.: 0125807
Published by: Nazma Kader
Tel: 863704, 8637022, 8771-544217
Fax: 88-40-1649722
E-mail: jg@comjagat.com

লেখক সম্পাদক

- প্রকৌশলী আব্দুল ইসমাইল
- কে.এম. আলী রেজা
- ওয়া ছুপ্পেই ইসমাইল
- মে: আব্দুল ওয়াজেদ



বাংলাদেশে কপিরাইট আইন

১৬ আগস্ট মহিলাপরিষদের নিয়মিত সাপ্তাহিক বৈঠকে সংশোধিত কপিরাইট আইন ২০০৪ অনুমোদিত হয়েছে। এ থেকে আমরা আশা করতে পারি কোন এক সময় আইনটি সংশোধন পাশ হবে। বিষয়টি মৌলিক আইনটি খাতের উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সাধারণত আশা করে। আর যাই হোক এই আইন পাশ হলে সফটওয়্যার পাইরেসী দূর করার সম্পূর্ণ কার্যকর পরিহিতি দেশে সৃষ্টি হবে।

অর্থাতে যে কপিরাইট আইন ছিল তা ব্যবহার করেও এই কাজ করা যেত। কিন্তু দু'কেটি প্রকল্প ছাড়া আর কোন ক্ষেত্রেই আইনটি প্রয়োগ করা হতো। এরা কাইনের কোন তথ্য-প্রমাণ আমাদের জানা নেই। তাহলে কেন এমন হলো। যদি আইনের প্রয়োগ নাহি হলো তাহলে কী করা যায়, দেশে সফটওয়্যার পাইরেসী হয়নি। এ কথা আপৌ সত্যি নয়। বাস্তবতা হচ্ছে পাইরেসী হয়েছে হরহামেশা, সেগুলো সনাক্ত করার মতো উদ্যোগ সরকার নেয়নি।

তাই এতদিন আইন প্রয়োগ হয়নি। সফটওয়্যার পাইরেসী সরাসরি যতো জরিপ হয়েছে সেসব তথ্য-পরিবেশনা বিবেচনায় বলা যায়, বাংলাদেশের পাইরেসী বিশ্বের অনেক দেশকে ছাড়িয়ে যাচ্ছে। বুকে হাত দিয়ে আমাদের মনে প্রাণে এ কথা বিশ্বাস করতে হবে। বিশ্বাস করার যাবত কারণও আছে। তাহলে সরকার অর্থাতে পাইরেসী বন্ধে কার্যকর উদ্যোগ নেয়নি কেন। সে বিষয়টি সুস্পষ্ট নয়।

পাইরেসীর ঘটনা দেশে অহরহ ঘটছে অথচ আইনের প্রয়োগ হচ্ছে না। এর অর্থ এই নয় কী আইন প্রণয়নের গুরুত্ব সরকার বুকে কিন্তু প্রকাশন আইনটি কী তা বুঝে না তাই প্রয়োগও করে না। এই যদি হয় কপিরাইট আইনের অবস্থা তাহলে আইনটি পূর্ণতা পেলেই কী আইনটির সরকার ছিল না যদি আমরা বুঝতে শিকতাম পাইরেসী করা অনায়াস। শুধু অনারই নয়, সফটওয়্যার কেলেণ্ডার করে আমরা যে অর্থিক দিক থেকে লাভবান হওয়ার সুযোগ ছিল সে সুযোগও আইন স্বাধীনভাবে প্রয়োগ না করার আমাদের হাত ছাড়ছে।

যুক্তরাষ্ট্রের সর্বিধান বাংলাদেশের মতো এতো দীর্ঘ নয়। অথচ তারা সর্বিধানের প্রতি অত্যন্ত শ্রদ্ধাশীল হওয়ার সাংবিধানিক প্রতিশ্রুতি

আমাদের পরিহিতি তেমন সৃষ্টি হয় না। অথচ বাংলাদেশ এ ক্ষেত্রে ব্যতিক্রম। তাই বলা যায়, কপিরাইট আইনকে পূর্ণতা দিলেই না। আইনটি পূর্ণতা প্রাপ্তির সাথে সাথে যতো স্বাধীন প্রয়োগ নিশ্চিত করা যায় সে পরিহিতি দেশে সৃষ্টি করতে হবে। এই আইন কী, কোথায় প্রয়োগ করতে হবে আশা করি সরকার প্রশাসনের সে সচেতনতা সৃষ্টিতে উদ্যোগ নিবে।

আমাদের পুলিশ প্রশাসন কপিরাইট আইন ভঙ্গের বিষয়ে তেমন সচেতন নয়। এমন অনেক পুলিশ আছে তারা কপিরাইট আইন কী তা বুঝে না বা এ ধরনের আইন থাকতে পারে তা তাদের জানা নেই। এজন্য আইনটি প্রয়োগের লক্ষ্যে এই আইন সম্পর্কে পুলিশের সচেতনতা বাড়ানোর উদ্যোগ নিতে হবে। কোন কাজ করলে কপিরাইট আইন ভঙ্গের প্রমাণ উঠে তা পুলিশকে বুঝতে নিতে হবে। সবচেয়ে ভালো হয় পুলিশের একটি বিশেষ টিম এজন্য গড়ে তোলা। এই টিমকে কমপিউটার সম্পর্কে প্রশিক্ষণ দিয়ে উপযুক্ত করে গড়ে তোলা হলে

তারা বুঝতে শিখবে পাইরেসী কাকে বলে এবং পাইরেসী রোধে কী ধরনের উদ্যোগ নিতে হবে। প্রশিক্ষিত এই টিমের সদস্যদের দেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে দেয়া হলে এরা দেশের বিভিন্ন স্থানে যে পাইরেসী হয় তা রোধে কার্যকর ভূমিকা রাখতে পারবে। অন্তত সরকারি উদ্যোগে কপিরাইট আইন প্রয়োগের লক্ষ্যে এই কাজটিই যদি করা যায় তাহলে দেশ থেকে পাইরেসী এক সময় চলে

যাওয়ার পরিহিতি সৃষ্টি হবে।

আমরা চাইনেই কপিরাইট আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে পারবে না। কারণ কপিরাইট আইন স্বাধীনভাবে প্রয়োগ করা হলে দেশে কমপিউটার ব্যবহার কমে যাবে। আর কমপিউটার ব্যবহার কমে যাওয়ার ফলে তথ্য প্রযুক্তি খাতের উন্নয়ন বাহত হবে। তাই এই আইন প্রয়োগের ক্ষেত্রে আপাতত দেশীয় সফটওয়্যার পাইরেসী রোধে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। এরপর দীর্ঘ সময়ের প্রচেষ্টা শেষে দেশীয় এবং বিদেশী সফটওয়্যারের ক্ষেত্রে এই আইন আমরা স্বাধীনভাবে প্রয়োগ করতে পারবে। আশা করি সরকার এনব বিষয়ও নজরে রাখবেন। এ প্রত্যাশা স্বাভাবিক।

সবুজ

বনের বাসিন্দা, চট্টগ্রাম।

Advertisers' INDEX	
Name of Company	Page No.
Agni Systems Ltd.	20
Ananda IIT	15
Asla Infosys Ltd.	85
B&B	97
Bljoy Online Ltd.	14
Brac BD Mail Network Ltd.	80
CD Media	83
Ciscovalley	64
Computer Source Ltd.	12, 52
Daffodil Computers Ltd.	75
DIT- Daffodil Institute of IT	26
Excel Technologies Ltd.	10, 11, 103
Flora Limited	3, 4, 5
Global Brand (Pvt.) Ltd.	19
Hewlett Packard	Back Cover
Ingram Micro	76
Intel	102, 104, 105, 106, 34
International Computer Network	16
International Office Equipment	18
International Office Machines Ltd.	33
J.A.N. Associates Ltd.	54, 55
Mabs Institute of Business and Technology	45
Mosita Computers & Engineers Ltd.	57
Multilink Int'l. Co. Ltd.	6, 7, 9
Orient Computer	56
Oriental Services	8
Rahim Afrooz Distribution Ltd	51
Rangs IIT Ltd.	2nd Cover
Retail Technologies	58
SMART Technologies (BD) Ltd.	98, 99
Solar Enterprise Ltd.	100
Spectrum Engineering Consortium Ltd.	3rd Cover
Square Informatics Ltd	12
Techno BD	13
Tetterode	101
Thakrat Information Systems Private Ltd.	17
Valentine International	53
Western Network Ltd.	22

হেলথকেয়ার ইনফরমেটিক্স

ভারতের কেব্রালা রাজ্যের দুটি কোম্পানি উদ্যোগ নিয়েছে ২০০৮ সাল নাগাদ হেলথকেয়ার ইনফরমেটিক্স-এর কাজ করে ২৩ হাজার কোটি রুপি আয় করবে। এ লক্ষে প্রথমে কোম্পানি দুটি যুক্তরাষ্ট্রের হেলথকেয়ার বিজনেস প্রসেসিং অউটসোর্সিং (HPO) বাজারে এবং পরে পর্যায়ক্রমে পশ্চিম এশিয়া, এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল ও ইউরোপের বাজারে প্রবেশ করবে। ভারতের একটি মাত্র রাজ্যের যখন এটি উদ্যোগ তখন সমগ্র ভারতের এ খাতের বাজার দখলের পরিমাণ কী হতে পারে, তা সহজেই অনুমেয়। প্রশ্ন আসতে পারে, এ ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান কেথায়? আমরা কী পরিমাণ ও গুণ যুক্তরাষ্ট্রের ৩৫০ বিলিয়ন ডলার তথা প্রায় ২১ লাখ কোটি টাকার হেলথকেয়ার ইনফরমেটিক্সের বাজারে প্রবেশ করব?

খান কানাই রায় চৌধুরী

উইজো কনালটিং এবং এপেলো হেলথট্রিট ভারতের কেব্রালা রাজ্যের অত্যন্ত নামি-নামী দুটি কোম্পানি। এ দুটি কোম্পানি এমন একটি রোডম্যাপ তৈরি করেছে, যাতে করে এই রাজ্যে ১ হাজার কোটি রুপি বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ করা যায়। আর এ থেকে ২০০৮ সাল নাগাদ ভারতের ২৩ হাজার কোটি রুপি বৈদেশিক মুদ্রা অর্জিত হতে পারে। তাছাড়া এর মাধ্যমে প্রচুর দক্ষ ও অদক্ষ লোকের কর্মসংস্থানও ঘাবস্বত্ব হবে। তেরলার জন্যে এ সজাবনাম্য খাত হচ্ছে হেলথকেয়ার বিপিও অর্থাৎ হেলথকেয়ার বিজনেস প্রসেসিং অউটসোর্সিং। আধুনিক বিধে এ খাত হেলথকেয়ার ইনফরমেটিক্স নামে পরিচিত। বিপিও'র কাজ ছাড়াও ইন্ডিয়ায়িং ডিজাইনিং, কমপিউটার এনালিসিস ডিজাইনিং (CAD) ও এনালিসিস অন্তর্ভুক্ত রয়েছে এই খাতে।

ভারতের পরিচালিত 'ন্যাসকম-এমসিকিনেস টিডি-২০০২' নামের গবেষণায় দেখা গেছে, ২০০৮ সাল নাগাদ ভারত ৮ লাখ ৪৭ হাজার ২০০ কোটি টাকার গ্লোবাল আইটি-এনালিসিস সার্ভিসেস (ITLS) খাত থেকে ৮৫ হাজার কোটি রুপি আয় করবে। অর্থ ২০০২ সালে এ খাতে ভারত সরকারের আয়ের লক্ষ্যমান ছিল ৫০০ কোটি রুপি। উক্ত বিশ্বের দেশগুলোতে হেলথকেয়ার খরচ বেড়ে যাওয়ায় এসব দেশ ব্যাধ হতে হেলথকেয়ার ইনফরমেটিক্সের কাজ অউটসোর্সিংয়ের মাধ্যমে সম্পাদনের উদ্যোগ নেবে। যুক্তরাষ্ট্র সরকারের স্বাস্থ্যসেবা প্রদানের হিসেব অনুযায়ী এ খাতে ২০০৮ সাল নাগাদ তাদের খরচ হবে ৩৫ হাজার কোটি ডলার অর্থাৎ প্রায় ২১ লাখ কোটি টাকা। হেলথকেয়ার সম্পর্কিত সব কাজই যে যুক্তরাষ্ট্র অউটসোর্সিংয়ের মাধ্যমে সম্পন্ন করবে তা নয়। যেসব কাজ না করলেই নয় সেসব কাজ ছাড়া বাকি কাজ অউটসোর্সিংয়ের মাধ্যমে যুক্তরাষ্ট্র করাবে। যুক্তরাষ্ট্রের এই সিদ্ধান্তের প্রেক্ষিতে ভারত সরকার সিদ্ধান্ত নিয়েছে তারা বিপিও ছাড়াও হেলথকেয়ার ইনফরমেটিক্স প্রসেসিংয়ের

কাজ করবে। এ খাতে 'অদের আয়েচ লক্ষ্যমাত্রা'ই উদ্যোগের নির্ধারণ করা হয়েছে। শুধু কেব্রালা নয়, ভারতের সেরা স্থানে প্রয়োজনীয় দক্ষ জনশক্তি ও অবকাঠামো সুবিধা আছে, তাদের সম্বলিত প্রচেষ্টায় ২০০৮ সাল নাগাদ ভারত ২৩ লাখ কোটি রুপি আয় করবে। এ লক্ষে ভারত আন্তর্জাতিক বিপণন, মানব সম্পদ উন্নয়ন, নীতি সূচনায়ন ও অবকাঠামো উন্নয়নের কাজও শুরু করেছে।

হেলথকেয়ার ইনফরমেটিক্সের কাজ করার লক্ষে প্রথমত বৈদেশিক বিনিয়োগ আকর্ষণ এবং দ্বিতীয়ত, যুক্তরাষ্ট্রের মতো দেশে প্রথম কর্মসিঁপোন পরিচালনা করবে কেব্রালায় অইইইএস কোম্পানি উইজো এবং এপেলো। এই দুই কোম্পানি আপাতত হেলথকেয়ার ডাটা কনভার্সন এন্ড প্রসেসিং ম্যানেজমেন্ট, স্বাস্থ্যবিধা সেবা, গ্রাহক আন্তর্কিয়া সেবা, এবং মানব সম্পদ সেবার কাজ করবে। একই সাথে কেব্রালা সরকারের সহায়তায় ভারতের সম্ভব স্থানে হেলথকেয়ার ইনফরমেটিক্সের কাজ করার লক্ষে এ সম্পর্কিত অগ্রদূত প্রতিষ্ঠান, চাকরিজীবী, দক্ষ-অদক্ষ শ্রমশক্তি সরবরাহকারী, এচিপিও বা বিপিও প্রশিক্ষণ ও শিক্ষা প্রতিষ্ঠান, ভবিষ্যতে এচিপিও বা বিপিও আবেদন সম্প্রদায়িত হলে কাজের যেসব খাতের সুষ্টি হবে সেসব খাত সম্পর্কিত সাম্প্রতিক তথ্যাদি সরবরাহের লক্ষে সবাইই আগ-দাইনে সহযোগিতা করা হবে।

হেলথকেয়ার ইনফরমেটিক্সের কাজ করে প্রচুর পরিমাণ বৈদেশিক মুদ্রা আয় এবং দক্ষ-অদক্ষ জনশক্তির কর্মসংস্থানে শুধু ভারতই নয় বিশ্বের উন্নয়নকারী যে কোন দেশ নিতে পারে। এমন কি বাংলাদেশও। ভারতে হেলথকেয়ার ইনফরমেটিক্স সম্পর্কিত কোন দক্ষ ও অভিজ্ঞ জনশক্তি এক সময় ছিল না। এখনো তেমন নেই। তার বর্ধেখণ্ড পরিকল্পনা নিয়ে লক্ষ্য অর্জনের জন্যে এরা কাজ করে যাচ্ছে। যখন তাটা এন্ট্রি শিল্পে সম্ভাবনার ক্ষেত্র সুষ্টি হয়েছিল, তখনো ভারত সাহস করে এগিয়ে গিয়েছিল। কিন্তু আমরা দক্ষ জনশক্তির অভাব,

প্রয়োজনীয় অবকাঠামো না থাকা, পরিকল্পনা না থাকা ইত্যাদি অজুহাতে শুধু আশাশুভাশঙ্কায় থেকে উঠেছিলাম। কেউ মনে করে এগিয়ে যাইনি। ফলে ডাটা এন্ট্রি শিল্প কেন্দ্রীক অনেক সম্ভাবনা হারা সত্ত্বেও কোন সুফলই আমরা ঘরে ফুলতে পারিনি। তাছাড়া হেলথকেয়ার ইনফরমেটিক্সের কাজ সম্পূর্ণ নতুন। এ কাজ করার জন্যে বাজার যাচাইয়েও প্রয়োজন নেই। ভারত যে বাজারে প্রবেশের চেষ্টা চালাচ্ছে, আমরাও সে বাজারে প্রবেশের চেষ্টা করলে, কোন-না কোন কাজ আমরা পেয়ে যাবে। কিন্তু সব কিছুই পরিকল্পনা মাফিক করতে হবে। এখানে প্রয়োজন হেলথকেয়ার ইনফরমেটিক্স সম্পর্কে জানা, আমাদের প্রাথমিক উদ্যোগ নির্ধারণ, লক্ষ্য অর্জনে কর্মসূচী স্থির করা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের উদ্যোগ নেয়া।

হেলথকেয়ার ইনফরমেটিক্স

মানুষের চিকিৎসার দ্রুত সিদ্ধান্ত গ্রহণ এবং সমস্যার সমাধানের জ্ঞান

বায়োমেডিক্যাল ইনফরমেশন, প্রচ্ছদ প্রতিবেদন

উপাও ও জ্ঞানের সার্বিক ব্যবহার, বিট্রাইজল বা প্রয়োজনের মুহুর্তে তথ্য-উপাত্ত দ্রুত করে পাওয়া ও সংরক্ষণ এদের সমন্বিত বিজ্ঞানের একটি শাখা হচ্ছে হেলথকেয়ার ইনফরমেটিক্স। আধুনিক তথ্য প্রযুক্তি এবং বায়োমেডিক্যাল মায়োসেস সর মৌল ও প্রোগ্রামিং ক্ষেত্রে সমন্বিত করে 'স্বাস্থ্যসেবায় হেলথকেয়ার ইনফরমেটিক্সের আধিকার।

ইনফরমেশন কমপিউটার ও কমিউনিকেশনসহ; বিজ্ঞান (প্রকৌশলী ও প্রযুক্তি); চিকিৎসায় গবেষণা, শিক্ষা ও অনুশীলন ইত্যাদির মাধ্যমে পারস্পরিক যে সম্পর্ক তা নিলে গবেষণার সমন্বিত রূপ হচ্ছে হেলথকেয়ার ইনফরমেটিক্স। অন্যভাবে বলা যায়, স্বাস্থ্য পরিচর্যা ও শুধু উচ্চতর কমপিউটারের মাধ্যমে বিবেচনা ও তত্ত্ব প্রতিষ্ঠার নামই হেলথকেয়ার ইনফরমেটিক্স। এটি স্বাস্থ্য সম্পর্কিত তথ্য-

উপাত্ত সমগ্র, সংরক্ষণ, প্যাকেজিং ও ব্যবহার যথাযথ করে। ভাড়াটা একটি বড় এবং একীকৃত ইনফরমেশন সিস্টেমের সাথে যোগাযোগ সংযোগ স্থাপন করে সংযুক্তি তথ্য-উপাত্তকে কোডিত করার পর নির্দিষ্ট সীমিত অনুমানীয় বিল্যাস করে এগুলোকে এমনভাবে মনোনীত করা হয়, যাতে ব্যবসায়ী করার জন্যে বেশিরভাগ তথ্য-উপাত্তই সংযুক্তি অবস্থায় থাকে। হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেমের জানো এটা প্রাথমিক পর্যায়ে কাজ থাকে কমিউনিটি হেলথ ইনফরমেশন নেটওয়ার্কের সাথে তুলনা করা যায়। সেখানে উক্ত সমাজের বিভিন্ন শ্রেণীর মানুষের স্বাস্থ্য সম্পর্কিত তথ্য-উপাত্ত, পারিবারিক ঘটনাবলি বিল্যাস সম্পর্কিত তথ্য-উপাত্ত ইত্যাদি সংযুক্তি থাকে। বলা যায়, হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেম এমন একটি বিষয় যা সাধারণের স্বাস্থ্য ও স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কিত কর্মসিদ্ধির ইনফরমেশন সিস্টেমের একটি অঙ্গিকরণ। এক্ষেত্রে তথ্য ও উপাত্তকে কর্মসিদ্ধির নামের যন্ত্রের সহায়তায় কম্পিউটারের মাধ্যমে সংরক্ষণ, প্রয়োজনের সময় তা দ্রুত ফিরে পাওয়া, উপস্থাপন ও নিজ উদ্দেশ্য সাধনে কাজে লাগানো সহজ করা হয়। আর এই তথ্য-উপাত্তগুলো স্বাস্থ্য রক্ষা, পরিচর্যা ও চিকিৎসার লক্ষে যথাসময়ে যথাযথ সিদ্ধান্তে উপনীত হওয়া এবং হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেম সম্পর্কিত শিক্ষণ-প্রশিক্ষণের কাজে ব্যবহার করা হয়। স্বাস্থ্য পরিচর্যা ও সেবা, শিক্ষা ও

যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, জার্মানি, সুইডেন ও ফ্রান্সের মতো উন্নত দেশ আর্থিক কারণে এ বাতর কাজ উন্নয়নশীল বিশ্বের দেশগুলো থেকে করিয়ে নেয়ার উদ্যোগ নিলে। তাই তারা দক্ষ ও অভিজ্ঞ জনশক্তি সম্পন্ন অগ্রদূর্ত দেশ খুঁজে, যাদের কাছ থেকে হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেমের কাজ করিয়ে নেয়া যায়। এক্ষেত্রে ভারতের বিকল্প উৎপাদনকারী দেশ এখানে চোখে পড়েনি। অথচ দক্ষ ও অশিক্ষিত জনশক্তি গড়ে যে কোন দেশ (যেখানে শ্রমের মূল্য কম এবং মানসম্পন্ন) এই কাজ করে অল্প বৈদেশিক মুদ্রা উপার্জন করতে পারে।

হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেমের কাজ করানোর কারণ

স্বাস্থ্য সেবা, চিকিৎসা, পরিচর্যা সঞ্চেত সংযুক্তি তথ্য-উপাত্ত পর্যালোচনা ও গবেষণার মাধ্যমে সেবা পেয়ে ফেরে ও শ্রেষ্ঠি বিশেষ গভনমূলক প্রক্রিয়ায় সংযুক্তি অনেক তথ্য-উপাত্তই সম্পূর্ণ নির্মূল ও নিশ্চয় হয় না। এজন্যে বিভিন্ন ধরনের সমস্যা সৃষ্টি হয়। এসব সমস্যার সম্পূর্ণ সমাধানও সব সময় সম্ভব নয়। অথচ হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেমের মাধ্যমে প্রায় নির্মূল তথ্য-উপাত্ত সমগ্র, বিতরণ ও সংরক্ষণ সম্ভব।

চিকিৎসা সেবা ও স্বাস্থ্য পরিচর্যার সম্পূর্ণ জটিল কম্পিউটারায়ন ও অন-লাইন সুবিধা অতিক্রম করা ছাড়া কোন বিকল্প নেই। আর এজন্যেই হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেমের মাধ্যমে অনুকূল পরিহিত্তি সৃষ্টি করে এবং ভুল-ত্রুটি সংশোধনের মাধ্যমে আমরা অল্প বৈদেশিক মুদ্রা উপার্জন করতে পারি। কিন্তু এর আগে আমাদের কয়েকটি প্রশ্নের সন্ধানই হতে হবে। প্রথমত, অত্যন্ত দক্ষতার সাথে এ সার্ভিস যাদের মতো মানসিকতা আমাদের আছে কিনা। দ্বিতীয়ত, ক্রিনিক্যাল ইপিডিমিওলজি অর্থাৎ মহামারী সঞ্চেত চিকিৎসা বিষয়ক উপাত্ত সমগ্র, বিশ্লেষণ এবং সিদ্ধান্ত বিশ্লেষণের ক্ষমতা আমরা রাখি কিনা। তৃতীয়ত, হেলথ ইনফরমেশন নেটওয়ার্ক সুবিধা আমাদের আছে কিনা। যদি না থাকে, তবে তা গড়ে তোলার মতো অবকাঠামো কিবা আমাদের আছে কিনা। যদি থাকে কিবা আনুমানিক সুবিধা থাকে তাহলে হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেমের কাজ করার আগে আমাদের আরো ৩টি বিষয় বিবেচনা করতে হবে। প্রথমত, মেথড হবে কম্পিউটারভিত্তিক রোগীর রেকর্ড বিশ্লেষণ, দ্বিতীয়ত, ক্রিনিক্যাল লেকবিকান অর্থাৎ চিকিৎসা বিষয়ক শব্দাবলী আমাদের বুঝার মতো জান ও ধারণা কতটুকু আছে এবং তৃতীয়ত, হেলথ ইনফরমেশন নেটওয়ার্ক অবকাঠামো সুবিধা আছে কিনা। যদি এ চাহিদাগুলো আমরা পূরণ করতে পারি, তাহলে ধরে নেয়া যায় হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেমের কাজ করার যোগ্যতা আমাদের আছে।

প্রাক-যোগ্যতা যাচাইয়ের পর আমাদের উচিত হবে হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেমের কাজ সমগ্রের পরিমাণ ভিত্তিতে আরো যাচানো বা যা নির্ধারণ। এজন্যে আমাদের উচিত মহামারী সঞ্চেত ডাটা সমগ্র এবং বিশ্লেষণ ও প্রস্তুত, স্বাস্থ্য

প্রীতি ভিক্তোরাইজেশন এবং 'জাই ইন টাইম' নিমাইডারন-এর কাজ সমগ্রের উদ্যোগ নেয়া। তখনটি হলে আমরাও দ্রুত এ বাত্রে বৈদেশিক মুদ্রা উপার্জনে পরিমাণ বাড়ানো পারবো।

ক্রিনিক্যাল ইনফরমেশনসিস্টেমের যে কোন কাজ করার আগে প্রয়োজনীয় শিক্ষণ-প্রশিক্ষণের উদ্যোগ নিতে হবে। হতে দ্রুত এ কাজ করা যায়, তখন বেশি লাভবান হওয়া যায়। এখানে ডিজিটাল লাইব্রেরি প্রতিষ্ঠা, কর্মসিদ্ধির-এইভেড ইনস্ট্রাকশন, টেলিমেডিসিন, এন্ডারপার্ট সিস্টেম, ডিজিটাল কমিউনিটিসিস্টেম ও সামসিটিকি-ভিক্তোরাইজেশন সম্পর্কে শিক্ষণ-প্রশিক্ষণ দরকার। আমাদের দেশে যেহেতু টেলিমেডিসিন সম্পর্কে প্রশিক্ষণের উদ্যোগ নেয়া হয়েছে, তাই এ ধরনের কাজ করা যাবে বলে সংশ্লিষ্ট বিশেষজ্ঞেরা মনে করেন।

এরপর আমাদের উচিত হবে হেলথকেয়ার ইনফরমেশন-এ ধীরে ধীরে কাজ করা হয় সে সম্পর্কে জানা। এক্ষেত্রে যে বাজার ২০০৮ সাল নাগাদ সৃষ্টি হবে সে তথ্য পরিসংখ্যানের আলোকে বলা যায়, এ ক্ষেত্রে রোগীর স্বাস্থ্যগত তথ্য, রোগীর (জন্ম, মৃত্যু, রোগেশ্বরী ইত্যাদির পরিসংখ্যান) তথ্য; রোগীর আর্থিক তথ্য; গবেষণামূলক তথ্য; চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যসেবা দানকারী কর্মী সম্পর্কিত তথ্য; এসব কর্মীর কাজের ওপাত্ত মান সম্পর্কিত তথ্য-উপাত্ত; স্বাস্থ্য পরিচর্যা ও সেবা প্রদানের বিনিময়ে যারা মিল পরিষেবা করেন তাদের সম্পর্কিত তথ্য; আর্থিক তথ্য, ব্যক্তিগত তথ্য, চিকিৎসার ধরন, মান নিশ্চয়তা বিষয়ক তথ্য, ট্রিটমেন্ট প্রান এবং কৌশলগত পরিমূল্য এবং এ ধরনের আরো অন্যান্য তথ্য-উপাত্তসহ ব্যবসায়িক রেকর্ড, মুদ্রাট্রেডার ডেবেলপ; মেডিক্যাল রেকর্ড তৈরি চিকিৎসার সুবিধা প্রদান, আর্থিক ও আইনগত রেকর্ড, ক্রিনিক্যাল মেডিক্যাল রিসার্চ সঞ্চেত রেকর্ড অন্তর্ভুক্ত সাধারণ রেকর্ড এবং বর্তমান প্রজন্মের রেকর্ড সৃষ্টি সমস্যা ইত্যাদি কাজ কর্মসিদ্ধিরায়ন করা হয়।

বর্তমান প্রজন্মের রেকর্ড সৃষ্টি সমস্যার প্রথমত, কমপটসি; দ্বিতীয়ত, ফরম্যাট; তৃতীয়ত, এন্ডেস, এভেইনিবিলিটি রিটাইটল; এবং চতুর্থত, সিক্রেজ এবং ইন্টিগ্রেশন সমস্যা থাকে। কমপটসি'র মধ্যে তথ্য-উপাত্ত বাধ পড়া, সঠিকভাবে বিল্যাস না করা এবং যথাযথভাবে তথ্য-উপাত্ত সঠিকভাবে সংযোজন না হওয়া, সঠিকভাবে বিল্যাস না করা এবং যথাযথভাবে তথ্য-উপাত্ত সংরক্ষণ না করার সমস্যা থাকে। এন্ডেস, এভেইনিবিলিটি ও রিটাইজেশনে যথাযথ হ্রাস যথাযথ তথ্য-উপাত্ত না দেয়া, প্রয়োজনীয় স্টোরেজ সুবিধা না থাকা ও কোথাও অথবা তথ্য-উপাত্তের সমাহার ঘটানোর সমস্যা থাকে। এছাড়া সিক্রেজ ও ইন্টিগ্রেশনে চিকিৎসা এগংকালের সময় হানপাতালে অবস্থানকারী রোগী কিংবা চিকিৎসা সেবা নিতে চলে যাওয়া রোগীর মধ্যে সংখ্যাগত সমতা বিধান না হওয়া, হাসপাতাল থেকে রোগী স্থানান্তর না হওয়া এবং হাসপাতালের মধ্যে এক বিভাগের সাথে অন্য বিভাগের কিংবা এক ইনস্টিটিউশনের সাথে অন্য ইনস্টিটিউশনের সাহায্য-সহযোগিতামূলক

প্রথম প্রতিবেদন

হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেম'র প্রয়োগক্ষেত্র

শিক্ষা, গবেষণা ও রোগীর পরিচর্যার জন্যে তথ্য ব্যবস্থাপনা ও সংশ্লিষ্ট করার লক্ষে জ্ঞান এবং কৌশলের একটি সমন্বিত রূপ যেহেতু হেলথকেয়ার ইনফরমেশনসিস্টেম তাই এর প্রয়োগক্ষেত্র অনেকটা সম্প্রসারিত। এর প্রয়োগক্ষেত্রগুলো হচ্ছে-

০১. অঞ্চল ও দেশ উভয় ক্ষেত্রে রোগীদের জানো ইলেকট্রনিক রেকর্ড ডিজাইন,
০২. জনস্বাস্থ্য বিষয়ক তথ্য জ্ঞানার গড়ে তোলা ও তথ্য সরবরাহ,
০৩. চিকিৎসা বিষয়ক স্বাস্থ্য সহায়তা ব্যবস্থা গড়ে তোলা,
০৪. প্রয়োজনীয় তথ্য-প্রমাণাদীর ভিত্তিতে প্রটোকল ডিজাইন ও রক্ষণাবেক্ষণ,
০৫. টার্মিনোলজি, কোডিং ও শ্রেষ্ঠি বিভাজন ব্যবস্থা গড়ে তোলা,
০৬. চিকিৎসা পদ্ধতি, চিকিৎসার ফলাফল, সংগঠন ও উৎস ইত্যাদি ক্ষেত্রে তথ্য প্রযুক্তির প্রভাবে ফলে উদ্ভূত পরিহিত্তির মূল্যায়ন,
০৭. চিকিৎসা সঞ্চেত নিরীক্ষা,
০৮. টেলিমেডিসিন,
০৯. ডাটাবেজ তৈরি,
১০. ক্রিনিক্যাল ওয়ার্কশেপ ডিজাইন,
১১. ডাটা ব্যবস্থাপনা, এবং
১২. টেলিমেডিসিনে ইন্টারনেট প্রযুক্তি ব্যবহার।

কেন করানো হচ্ছে হেলথকেয়ার ইনফরমেটিভনের কাজ

যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, সুইডেন ও ফ্রান্সের মতো দেশ অনেক হেলথকেয়ার ইনফরমেটিভনের কাজ আউটসোর্সিংয়ের মাধ্যমে করানোর উদ্যোগ নিচ্ছে। প্রথমত, এশ্ব দেশের মানুষ শ্রমের উপযুক্ত এবং উচ্চ মূল্যে অর্জনের ক্ষেত্রে অত্যন্ত সচেতন। তাই তারা অধিক বিনিময় মূল্যে শ্রম শক্তি বিনিয়োগে বিশ্বাসী। এজন্যে যেসব কাজ করলে শ্রমের বিনিময় মূল্য কম পাওয়া যায়, সেসব কাজ করতে চায় না। এবং দেশের সরকার কম শ্রম মূল্যের কিছু অত্যন্ত প্রয়োজনীয় কাজগুলো বিনেশে যেখানে শ্রমের মূল্য কম কিন্তু মানসম্পন্ন কাজ করানো যায় সেসব দেশ থেকে করার উদ্যোগ নেয়। তাই ন্যায়িক অধিকারের ক্ষেত্রে এরা অত্যন্ত সচেতন। এজন্যেই তারা নিজ নিজ দেশের ন্যায়িকদের প্রযুক্তি নির্ভর উন্নত সেবা দিতে বিশ্বাসী। মূলত এ লক্ষ্য হেলথকেয়ার ইনফরমেটিভনের কাজ তারা ডিজিটাইজেশনের উদ্যোগ নিচ্ছে। এছাড়া আরো কিছু কাজ করছে। কারণ, সেগুলো হলো—

০১. রোগীর স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কিত রিপোর্ট যে কোন সময় দেয়া,
 ০২. প্রযুক্তি নির্ভর উন্নত তথ্যের সেবা নিশ্চিত করা,
 ০৩. হেলথকেয়ার সম্পর্কিত তথ্য-উপাত্তের মানসম্পন্ন ব্যবস্থাপনা নিশ্চিত করা,
 ০৪. চিকিৎসা বিষয়ে অপেক্ষাকৃত নির্ভুল তথ্য চাহিদা মেটাতে,
 ০৫. বিশ্বাসযোগ্য ও নির্ভরযোগ্য মাধ্যমে ভাটা সংরক্ষণ, এবং
 ০৬. চিকিৎসা ও স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক পরস্পর সম্পর্কিত ভাটা দ্রুত পার্শ ও রিট্রাইভাল।
- এসব কাজ যথাযথভাবে সম্পন্ন করা হলে স্বাস্থ্য রক্ষা সম্পর্কিত তথ্য যেসব বুল বিদ্যমান তার আলাদা দ্রুত দেয়া, স্বাস্থ্য রক্ষা সন্ধানও বর্তমান দানকারী দ্রুত অনুধাবন, চিকিৎসালয়ে রোগীর চিকিৎসার কারণ সহজেই ডেইটে দ্রুত প্রাপ্তি, লিভেল সুবিধা দেয়া, অন-পাইন ডাটাবেজে আনবন্দাইজড ডেঞ্জার প্রতিরোধ, ক্রমাগত ডাটা এক্সেস সুবিধা দেয়া, একই সাথে একাধিক ব্যবহারকারীকে ডাটা এক্সেস সুবিধা গ্রহণ, অন্যান্য ক্লিনিক্যাল রিসোর্স সুবিধা দান, অদূর ভবিষ্যতে চিকিৎসালয়ে চিকিৎসার সময়ে রোগীদের পূর্ণবোধ সন্ধানের সময় সুবিধা হতে সেগুলোর সমাধানের কৌশল অর্জন, চিকিৎসকদের ডাটাবেজে সরাসরি ডাটা এন্ট্রির সুবিধা সৃষ্টি, রোগীদের পরিচর্যা সন্ধানও সার্বিক কার্যক্রম ব্যবস্থাপনা, চিকিৎসা সেবা দানের ক্ষেত্রে ধরায়নি দ্রুত নির্ধারণ ও সজ্জা ক্ষেত্রে সহানুভূতি ও সহায়তা দান এবং রোগীর বৈকল্য সম্পর্কে সার্বিক তথ্য-উপাত্ত পাওয়ার নিশ্চিত করার ইত্যাদি কাজ করা যাবে।

ডেভের নির্বাচনের মানদণ্ড

হেলথকেয়ার ইনফরমেটিভ সার্ভিস দেয়ার জন্যে যুক্তরাষ্ট্র সরকার ১৯৯৬ সালে যে 'হেলথ ইন্সুরেন্স পোর্টেবিলিটি এন্ড একাউন্টেবিলিটি অ্যাক্ট' প্রণয়ন করেছে, সে অনুযায়ী সার্ভিস প্রোভাইডার বা ডেভের নির্বাচনের কিছু মানদণ্ড নির্ধারণ করা হয়েছে। এ মান কঠোরভাবে নিয়ন্ত্রণও করা হচ্ছে। শুধু তাই নয়, বিবেচ্য যে কোন দেশের যে কোন হেলথকেয়ার ইনফরমেটিভ সার্ভিস প্রোভাইডার এই মান অর্জন না করা পর্যন্ত কোন কাজ পাবে না। যুক্তরাষ্ট্রে বাহ্যিকপ্রদানকারী যতোগুলো কোম্পানি বা সংস্থা আছে, তারা কঠোরভাবে এ মান নিয়ন্ত্রণের প্রতি লক্ষ রেখে আউটসোর্সিংয়ের কাজগুলো বিধি অনুযায়ী বণ্টন করছে। ডেভের নির্বাচনের ক্ষেত্রে এ লক্ষ্যে ১১টি নীতিমালা অত্যন্ত সতর্কতার সাথে লক্ষ করা হয়। এগুলো হলো:

০১. হেলথকেয়ার ইনফরমেটিভের ব্যবসায় ডেভের কত দিন ব্যবহৃত কাজ করছে?

হেলথকেয়ার ইনফরমেটিভের কাজ যেহেতু বুইই লাভজনক, তাই অনেক উন্নোতা বা ব্যবসায় প্রতিষ্ঠানের এ খাতে দ্রুত আগমন স্বাভাবিক কিন্তু এ ধরনের যে কোন প্রকল্পের দীর্ঘ মেয়াদী স্বর্ণপাশে এবং অন্যান্য সহায়তার প্রয়োজন হয়। যুক্তরাষ্ট্রে থেকে কাজ পেতে হলে হেলথকেয়ার ইনফরমেটিভ না হোক এধরনেরই অন্যান্য কাজে (যেমন: বিজনেস প্রসেসিং, আউটসোর্সিং, মেডিক্যাল ট্রান্সক্রিপশন, টেলিমেডিসিন ইত্যাদি) ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হয়। তাছাড়া স্থানীয় পর্যায়ে মেডিক্যাল ডাটা এন্ট্রি বা হেলথকেয়ার সম্পর্কিত কাজের অভিজ্ঞতা থাকবে ভাল হয়।

০২. ডেভের কী এ-ও-এ-এ-এ সিলিউশন দিতে সক্ষম?

স্বাস্থ্য পরিচর্যা ও সেবা দানকারী সংস্থগুলো হেলথকেয়ার ইনফরমেটিভের কাজ দেয়ার সময় দেখে ডেভের এই খাতের সব ধরনের কাজ করার যোগ্যতা, অভিজ্ঞতা ও দক্ষতা সম্পন্ন কি-না। যোগ্যতার এ মানকাঠি নির্ধারণ ও মূল্যায়নের সময় এক বা একাধিক বিষয়ে কাজের অভিজ্ঞতাকে ভেদন মূল্যায়ন করা হয়।

০৩. হেলথকেয়ার ইনফরমেটিভ ব্যবসায় সম্পর্কে ডেভের কতটুকু ধারণা রাখেন?

এ ধরনের ব্যবসায় ভালো করতে হলে এবং কাজ পেতে হলে এ ক্ষেত্রে ডেভেরে ম্যানুয়াল ধারণা থাকা উচিত। এই ধারণাকে পূঁজি করে নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত এগুলো এ ডেভের সুনিশ্চিত এ ব্যবসায় ভালো করতে পারবে এবং তার সাফল্যও সুনিশ্চিত।

০৪. ডেভের বা তার ব্যবসায় জড়িত কন্সাল্টেন্ট আগে থেকেই কোন হেলথকেয়ার প্রকটের সাথে জড়িত কি-না?

ডেভের বা কন্সাল্টেন্ট আগে থেকেই কোন হেলথকেয়ার প্রকটের এ কাজের সাথে জড়িত থাকার অর্থই হচ্ছে হেলথকেয়ার ইনফরমেটিভ খাতের প্রক্রিয়াজাত যে উন্নয়ন হচ্ছে সেসব তথ্য-উপাত্ত সম্পর্কে তিনি সম্পূর্ণ অবগত। কাজ

দেয়ার ক্ষেত্রে এ বিষয়কেও এক ধরনের অভিজ্ঞতা হিসেবে গণ্য করা হয়।

০৫. ডেভের যে কোন অনিশ্চয়তা বা প্রতিকূল পরিবেশ সাফল্যের সাথে কাটিয়ে ওঠার কনভার্স রাখেন কি-না?

হেলথকেয়ার ইনফরমেটিভ প্রাপ্তে অভিজ্ঞ দক্ষ বা অদক্ষ কর্মীর হঠাৎ শূন্যতা সৃষ্টি হলে ডেভের সে শূন্যতা পূরণে তাৎক্ষণিক কর্মী সংগ্রহে সক্ষম কি-না বা বিক্রয় কোন ব্যবস্থায় শ্রম খাটতে পুরণের লক্ষ্যে শ্রম শক্তি ওই স্থানে পাওয়া যায় কি-না এসব বিষয় এক্ষেত্রে সতর্কতার সাথে মূল্যায়ন করা হয়।

০৬. হেলথকেয়ার ইনফরমেটিভের কাজ করতে আর্মহী কোম্পানিতে লোকবল এবং বিনিয়োগকৃত খেঁচের পরিমাণ কত?

বর্তমানে বেশির ভাগ ডটকম কোম্পানিতেই মানবাধীত জুগছে। এই বেশ কারণও আছে। বর্তমানে প্রত্যেকটি হেলথকেয়ার অর্গানাইজেশনই আইটি সার্ভিস দাতা সংস্থা বা প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। তাই যাদের ওপর নির্ভর করে হেলথকেয়ার অর্গানাইজেশনগুলো সার্ভিস দিবে তাদের ব্যবসায় কোন ঝুঁকি সৃষ্টি হচ্ছে হেলথকেয়ার সার্ভিস দেয়ার ক্ষেত্রেও সমস্যার সৃষ্টি হবে। এজন্যে কাজ দেয়ার আগে যে কোন ডেভেরে লোকবল বিনিয়োগের কনভার্স প্রতি সতর্কতার সাথে লক্ষ করা হয়। তাই অর্থ বিনিয়োগে সক্ষম না এমন ডেভেরকে কাজ পারত পক্ষে দেয়া হয় না।

প্রস্তুত প্রতিবেদন

০৭. প্রযুক্তি পেশাজীবীদের মধ্যে সর্বোত্তম সমন্বয় ঘটাতে ডেভের সক্ষম কি?

এ ধরনের কাজের পরিধি অনেক বিস্তৃত। তাই এ ক্ষেত্রে নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা, আইনগত, প্রযুক্তিগত এবং মানস সম্পদ বিষয়ক বিভিন্ন কন্সোল্টেন্টের প্রয়োজন হয়। ক্রস-ফাংশনাল অর্থাৎ সব কিছুর সমন্বিত একটি দল যথাযথভাবে গড়ে তোলা সম্ভব হলে চিন্তা, কর্ম, জ্ঞান ইত্যাদির ক্ষেত্র; এবং ব্যবসায় এবং প্রযুক্তিকে যথাসময়ে যথাযথদিকনে প্রয়োগ করা সম্ভব হলে উন্নত ও নীতিগত দিক থেকে যে কোন প্রতিষ্ঠান অপ্রতি সাফল্য পেতে পারে। হেলথকেয়ার ইনফরমেটিভের ক্ষাণ্ডও এটিকে থেকে ব্যতিক্রম নয়।

০৮. ডেভেরকে মূল্যায়নের জন্যে কোন ক্লাসিফিকেশনের বেকারেস আছে কি-না?

যে কোন ডেভেরকে মূল্যায়নের জন্যে বেকারেস পর্যালোচনা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ। এটা অনেক খারাপ মনে করলেও ব্যবসায় সাফল্যের জন্যে করা উচিত। যে কোন পরিক্ষেপ দেয়ার আগে ক্লাসিফি ও ডেভের পরস্পরকে মূল্যায়ন করা উচিত।

০৯. বরত কমানোর লক্ষ্যে প্রয়োজনীয় কর্ম সম্পাদনে ডেভেরে যথাযথ যন্ত্রপাতি আছে কি-না?

কম খরচে যে কোন কাজ সম্পাদনের ক্ষেত্রে সময় অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই যে কোন ডেভেরে যে কোন কাজ সম্পাদনের জন্যে অত্যাধুনিক প্রযুক্তি ও যন্ত্রের প্রয়োজন। হেলথকেয়ার ইনফরমেটিভের কাজ দেয়ার সময় এ বিষয়টি গুরুত্ব সহকারে মূল্যায়ন করা হয়।

১০. ভেতরের কোয়ালিটি সার্টিফিকেট আছে কি-না?

যে কোন কাজ ভালোভাবে সম্পাদনের ওপর এই কাজের ফলে উৎপাদিত পণ্য বা সেবার বাজার পাওয়া বিষয়টি অনেকসময় নির্ভর করে। তাই যে কোন পণ্য বা সেবা দাতার কোয়ালিটি প্রসেস এবং কোয়ালিটি সার্টিফিকেশন নিশ্চিত করা অপরিহার্য। হেলথকেয়ার ইনফরমেটিক্সের কাজে এজন্যে ভেতরকে কোয়ালিটি সার্টিফিকেট অর্জন করতে হয়। এবং

১১. বৈদেশিক মুদ্রা উপার্জনের ক্ষেত্রে প্রাইসিং মডেল কতটা গুরুত্বপূর্ণ?

যে কোন শিল্প বা ব্যবসায় উদ্যোগের সাফল্যের জন্যে খরচ ও দাম নির্ধারণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। যে ভেতরের সার্টিস নিতে হলে শ্রমের মূল্য বেশি নিতে হয় কিংবা অধিষ্ণায় রকমের কম হয় সে ক্ষেত্রে কাজ দেয়ার সময় শ্রমের মূল্য এবং কম খরচের বিষয় বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বারবার মূল্যায়ন করা হয়।

হেলথকেয়ার ইনফরমেটিক্সের কাজ কোন ভেতরকে দেয়া হবে কি-না, সে সিদ্ধান্ত উচ্চ মানমণ্ডলোর ওপর ভিত্তি করে নেয়া হয়। এ সময় খরচ বেশি বা কমের বিষয়টির সাথে সাথে কাজের মান, সময় এবং সর্বাধিক প্রযুক্তি ব্যবহারের বিষয় বারবার মূল্যায়ন করে হেলথকেয়ার সার্টিস দাতা সংস্থাকোলা কাজ দেয়। ব্যক্তি, গোষ্ঠী এবং রাষ্ট্রীয় সম্পর্কের উর্ধ্বে সব কিছু মূল্যায়ন করা হয়।

প্রচ্ছদ প্রতিবেদন

হেলথকেয়ার ইনফরমেটিক্স সার্টিফিকেশন

আইনের চোখে কোন কোন সময় কোন প্রতিষ্ঠান বা সংস্থাকেও ব্যক্তি হিসেবে গনা করা হয়। এ ধরনের ব্যক্তিকে বলা হয় গণ্যমান্য পার্সন। হেলথকেয়ার ইনফরমেটিক্সের সার্টিফিকেট অর্জনের লক্ষে এই ব্যক্তিকে বিশেষ যোগ্যতা অর্জন করতে হয়। যেহেতু কোন প্রতিষ্ঠানের পক্ষে এই সার্টিফিকেট অর্জন সর্বদা নয়, তাই এ ধরনের প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিদের হেলথকেয়ার ইনফরমেটিক্স সার্টিফিকেশন সম্পন্ন করতে হয়। এজন্যে আমরাই ব্যক্তিকে হেলথকেয়ার সম্পর্কিত ক্ষেত্রে ব্যালেন্স অর্থাৎ স্নাতক ডিগ্রী বা স্নাতক ডিগ্রীসহ হেলথকেয়ার অর্গানাইজেশনে কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হয়। এই সার্টিফিকেট অর্জনের লক্ষে ভর্তি ইচ্ছুক প্রার্থীর কাছ থেকে দরখাস্ত পাওয়া সাপেক্ষে যে কোন সময় ভর্তি করানো হয়। এজন্যে নির্দিষ্ট পরিমাণ অর্থ ব্যয় হয়। যেমন: ২০০০ সালের জুলাই থেকে কার্যকর বিধি অনুযায়ী ৫০ ডলার অফেরসহযোগ্য এপ্রিকেশন ফী ছাড়াও প্রতি ক্রেডিটের জন্যে ৩০৫ ডলার ফী নিতে হয়। এছাড়া সাধারণ স্নাতক ডিগ্রীধারী দরখাস্তকারীকে বার্ষিক অতিরিক্ত ২০০ ডলার ফী নিতে হয়। এর সাথে ট্রেন্সক্রিপ্ট, ইটারনেট বিলসহ অন্যান্য খরচ অন্তর্ভুক্ত করতে হবে।

এ প্রোগ্রাম ১৭ ক্রেডিটে বিভক্ত। যেসব শিক্ষার্থী এখনো স্নাতক কোর্স সম্পন্ন করেননি বা ভর্তি হতে পারেননি, তাদের ব্যাড্জিট কিছু কোর্স করতে হয়। এজন্যে শিক্ষার্থীকে প্রতি ক্রেডিটের জন্যে অতিরিক্ত খরচ দিতে হয়। ১৭ ক্রেডিটের এই কোর্সের কোর্স কারিকুলাম নির্ধারণ করেন


হেলথকেয়ার ইনফরমেটিক্স বিষয়ক জাতীয় পর্যায়ের বিশেষজ্ঞগণ। এই বিশেষজ্ঞ দলে বিশ্ববিদ্যালয়গণের শিক্ষক, ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেমস ডেভেলপার এবং দা ন্যাশনাল লাইব্রেরি অফ মেডিসিনের প্রতিনিধিগণ অন্তর্ভুক্ত রয়েছেন। হেলথকেয়ার সম্পর্কিত বিভিন্ন ধরনের কাজ যাতে কোর্স সম্পাদনকারীরা অর্থাৎ সম্পন্ন করতে পারেন ঠিক সেভাবে এই কোর্স সাজানো হয়। এই কোর্স সম্পন্ন করার লক্ষ্যে আমরাই শিক্ষার্থীকে এক দেশ থেকে অন্য দেশে কোন ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে নিয়মিত ক্লাস করতে হয় না। দূরশিক্ষণ ব্যবস্থায়ই যে কোন শিক্ষার্থী অন-নাইন সুবিধার বাসায় থেকে এই কোর্স সম্পন্ন করতে পারেন। তবে এই কোর্স সম্পন্ন করার ক্ষেত্রে কিছু শীকারুচ্যুতা আছে। পাঁচ ভাগে বিভক্ত এই কোর্সের প্রথম ভাগ যে কোন সময় এবং নিজেদের সুবিধামতো সম্পন্ন করা যায়। কিছু পরবর্তী চারটি অংশ দরখাস্তের এবং ১৫ থেকে ১৮ সপ্তাহে সম্পন্ন করতে হয়। আর সম্পূর্ণ কোর্সটি ৩ বছর সময়ের মধ্যে সম্পন্ন করতে হয়।

এ প্রোগ্রাম দূরশিক্ষণ ব্যবস্থার হলেও শিক্ষার্থীরা বেশ সুবিধা পাবেন সফটওয়্যার শিক্ষা প্রতিষ্ঠান থেকে। ভর্তির পর প্রত্যেক কোর্সের জন্যে শিক্ষার্থীদের ইলেকট্রনিক লার্নিং স্পেস দেয়া হবে। এই স্পেস থেকে প্রত্যেক শিক্ষার্থী কোর্স সম্পর্কে যে কোন বিষয়ে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সহজ, পরস্পরের সাথে যুক্তিনিময় ইত্যাদি সুবিধা নিতে পারবেন। এ প্রোগ্রাম সম্পন্ন করার লক্ষে যেসব কর্মকর্তাদের সামগ্রীর প্রয়োজন হয়, সেগুলো সম্পর্কে সার্বিক তথ্য সফটওয়্যার শিক্ষাপ্রতিষ্ঠানের ওয়েবসাইটে হেয় পেয়ে পাওয়া যায়।

এই প্রোগ্রাম সম্পন্ন করার পর শিক্ষার্থী চাইলে মাস্টার প্রোগ্রামেও অংশ নিতে পারবেন। ১২ ক্রেডিটের এই প্রোগ্রাম সম্পন্ন শেষে শিক্ষার্থীকে এনালিসিসের কলেজ মাস্টার অফ সায়েন্স ইন নার্সিং ডিগ্রী দেয়া হবে। তবে শিক্ষার্থী যে শিক্ষাপ্রতিষ্ঠান থেকে এ প্রোগ্রাম সম্পন্ন করার উদ্যোগ নিবেন সেই শিক্ষা প্রতিষ্ঠান চাইলে প্রোগ্রামের মেয়াদ কমাতে পারবে। এজন্যে আশপের ক্রেডিটগুলোতে শিক্ষার্থীকে বি' বা তদুর্ধ্ব গ্রেড অর্জন করতে হবে। এই কোর্সের সম্পূর্ণ মোহাদ পাঁচ বছর। এ ব্যাপারে অগ্রহরীয়া informatics@excelsior.edu ই-মেইল ঠিকানায় অথবা ৮৮৮-৬৪৭-২৩৮৮ নম্বরে (২-৭ অটোমেটেড ট্রািট) যোগাযোগ করতে পারবেন।

হেলথকেয়ার ইনফরমেটিক্সের প্রতি গুরুত্বের কারণ

প্রাণী বিজ্ঞানকে কেন্দ্র করে যেসব শিল্পের আগমন ঘটেছে এতদ্বারা সফলকমেই পরিবর্তনের সূচনা হয়েছে। কারণ বিজ্ঞান ও প্রযুক্তির দ্রুত উন্নয়নের ফলে ফার্মাসিউটিক্যাল এবং বায়োটেকনোলজী-ভিত্তিক এমন সব উন্নত প্রযুক্তির আবির্ভাব ঘটেছে, যার কথা এই সেদিনও কল্পনা করা যায়নি। যেমন: ন্যানোসেউসিবি। এসব প্রযুক্তি-ভিত্তিক জীবন রক্ষাকারী ওষুধ তৈরির জন্যে সব ফার্মাসিউটিক্যাল ও বায়োটেক শিল্পেই নতুন করে অবকাঠামো সুবিধার উন্নয়ন



অয়োজন হবে। এছাড়া ভোকের চাহিদারও পরিবর্তন হবে।

যুক্তরাষ্ট্র সরকারের 'ইনসিটিউট অফ মেডিসিন'-এর রিপোর্ট অনুযায়ী প্রতি বছর কমপক্ষে ৯৮ হাজার রোগী বিভিন্ন কারণে দেশটিতে মারা যায়। এসব কারণ হিসেবে সরকারের সমগ্রীষ্ট বিভাগ চিকিৎসা সেবা সংক্রান্ত তুল-শ্রুতি, এইচআইপিএ ও হেলথকেয়ার কর্মীর সংখ্যা স্বত্বতাকে দায়ী করেছে। এছাড়া অন্যান্য কারণ হিসেবে এ কর্তৃপক্ষ ত্রমবর্ধমান জনসংখ্যার চাপ, চিকিৎসার লক্ষ্য ব্যতন্ত্রাপন্ন সম্বন্ধের খরচ বাড়ি, চাহিদা বাড়ানো এবং বায়ো-টেকনোলজির হুমকিকে দায়ী করেছে। এসব কারণে পণ্য ও সুল্যের স্বীভাবস্থা বদায় রেখে হেলথকেয়ার সম্পর্কিত পণ্য ও সেবা উৎপাদন ও সেবার ক্ষেত্রে অস্ত্র চাপের মুখে আছে হেলথকেয়ার শিল্পওলা। পণ্যের ভোকতা ও সেবা দাতার মধ্যে প্রায়শিক উন্নয়নের ফলে সৃষ্টি এই পরিহিহি থেকে রক্ষার ফর্মসিটিউটকাল ও বায়োটেসলালজি কোশাশিল্পকোকে গবেষণা ও উন্নয়ন ব্যয় বাড়ানোর সাথে সাথে পণ্য ও সেবার মানোন্নয়ন এবং খামসমূহে যথার্থ পণ্য সরবরাহ ও শ্রুতি নিশ্চিত করতে হচ্ছে। চিকিৎসা সেবা গ্রহণকারী ও প্রদানকারীর মধ্যে এই যে পরিহিহি সৃষ্টি এ থেকে রক্ষার কমপিউটারায়ন ও ডিজিটায়ারন তথা হেলথকেয়ার ইনফরমেটিস্কের কোন বিকল্প নেই।

হেলথকেয়ার ইনফরমেটিস্কের সুবিধা
১৯৯৬ সালে এইচআইপিএ চালু হওয়ার পর এ পর্যন্ত যুক্তরাষ্ট্রে হেলথকেয়ার সার্ভিস সেয়ার ক্ষেত্রে স্রুত ও অভাবনীয় পরিবর্তন

হেলথকেয়ার ইনফরমেটিস্কের কাজে সাফল্যের ৯ পরামর্শ

- ০১ অত্যোশসী হওয়ার কিছু নেই কারণ হেলথকেয়ার ইনফরমেটিস্ক দীর্ঘ মেয়াদী ব্যকবায়,
- ০২ ত্রমাণত অধ্যাবসায় প্রয়োজন কেননা হেলথকেয়ার ইনফরমেটিস্ক কাজের সিদ্ধান্ত ব্যত্বায়ন ব্যত্বাকারে পরিচালিত হয়,
- ০৩ এমন লোককেই পেশাজীবী হতে হয়, যিনি এই ব্যবসায় বুঝেন। সার্বিকভাবে আইটি প্রোজেক্টভার থেকেই তাদেরা নাও করতে পারেন,
- ০৪ হেলথকেয়ার ইনফরমেটিস্কের কাজ স্থানীয় বিবি-বিধান নির্ভর। ইউরোপ ও আমেরিকায় বেসব বিবি-বিধান অনুযায়ী এই কাজ করা হয়, তা বাণ্যামেশ প জারত অনুসরণ নাও করতে পারে।
- ০৫ মান অর্জনের লক্ষ্য শ্রম ও প্রচুর অর্থ বিনিয়োগ করতে হয়। যেমন, চীন ও তাইওয়ান ভারতের চেয়ে অনেক এগিয়ে আছে। এই মান এইএল ৭ (হেশ্ব পোডেল সেভেন) এবং ডিআইসিওএম (ডিজিটাল ইমেজিং এন্ড কমিউনিকেশন ইন মেডিসিন) সার্বিককোট প্রকশোনালস অনুযায়ী নির্ধারণ করা হয়।
- ০৬ সস্তা শ্রমের কথা উত্থেখ করে দুখ্যানে দুখ্যানে গুরুলেও কোন কাজ পাওয়া যাবে না- আপনি কোন সাজা পাবেন না মান নিয়ন্ত্রিত সেয়ার

দেশ	বাাজারের পরিমাণ টাকায়	নিয়ন্ত্রক	মন্তব্য
যুক্তরাষ্ট্র	২০০৪ সাল দাখ্যান ও মার্চ ৬০ হাজার কোটি	ব্যবিশ্রিক সংস্থা ও সরকার	২ লাখ ৪০ হাজার থেকে ৩ লাখ কোটি টাকার বাজার নিয়ন্ত্রণ করবে এইচআইপিএ বাত।
জার্মানী	১৯৯৭ সাল পর্যন্ত ছিল ১৯ হাজার ৮শ কোটি	সরকার	বিস্ত্রি ধরনের সার্বিক-ব্যবিশ্রিক প্রকশোন ব্যাবসায়ের কাছ।
কানাডা	১৮ হাজার কোটি	ব্যবিশ্রিক সংস্থা ও না জমিস অফ হেলথ এন্ড না ইনফরমেশন হাইয়েক (CHIAH)	হায়া সেবামূলক অধ্যার জন্য ৪৫% অন-লাইন ইউভার্যন কেবল করে।
সুইডেন	৭ হাজার ২শ কোটি	সরকার	একাধিক টেনিমেডিসিন প্রকল্প ব্যাবসায়ের কাজ।
ফ্রান্স	৩ হাজার ২শ ৪৫ কোটি	হায়া স্বরণালয়	-

বিস্ত্রি গবেষণামূলক সংস্থা ও প্রতিষ্ঠানের উপায়ে সংসৃহীত তথ্য-পরিসংখ্যান অনুযায়ী যুক্তরাষ্ট্র, জার্মানী, কানাডা, সুইডেন এবং ফ্রান্সে বিদ্যমান হেলথকেয়ার ইনফরমেটিস্কের বাজার।

লক্ষ করা যায়। এই আইন 'কেনেডী ব্যাসিয়াম বিল' নামে সমর্থিত পরিচিত। এ আইন প্রণীত হওয়ার পর হেলথকেয়ার শিল্পে বিদ্যমান হায়া, বীমা এবং এ সংক্রান্ত অন্যান্য প্রশাসনিক কাজে সারল্যভার সৃষ্টি হয়। এই আইন প্রণয়নের অন্যতম লক্ষ্য ছিল চিকিৎসা সেবা গ্রহীতা এবং দাতার নির্ভরযোগ্য নিরাপত্তা বিধান, আর্থিক সেন্দেদন ও এ সংক্রান্ত তথ্য-উপাত্ত ইলেকট্রনিক উপায়ে লেনদেনের জন্যে মান নির্ধারণ করা। এতে হেলথকেয়ার সম্পর্কিত তথ্য-উপাত্ত প্রসেসিং গভ্যনগুণিতিক পেপার প্রসেসিংয়ের তুলনায় অনেক সহজ হয়। ফলে হেলথকেয়ার শিল্পওলা

বিস্ত্রি ধরনের সুবিধা পেতে শুরু করে। ট্রানজেকশন এবং কোড স্টেট, প্রাইভেসি ও সিকিউরিটি বিধানের সার্বিক দায়িত্ব নিয়ন্ত্রণ করে এইচআইপিএ। এই ট্রানজেকশন ও কোড স্টেট কমপ্রাইয়েস অর্থৎ যেকোনো সমর্থি ২০০২ সালের অক্টোবর (যা পরবর্তীতে ২০০৩ সালের অক্টোবর পর্যন্ত বর্ধিত করা হয়) **প্রচ্ছদ প্রতিবেদন** এবং প্রাইভেসির সমর্থি ২০০৩ সালের এপ্রিল থেকে কার্যকর করা হয়। এইচআইপিএ ৮টি ইলেকট্রনিক ট্রানজেকশন ও কোড স্টেট স্ট্যান্ডার্ড হেলথকেয়ার প্রোভাইডার ও সার্ভিসেস ট্রানজেকশনের জন্যে নির্ধারণ করেছে। এই



স্ট্যান্ডার্ডগুলো হায়া বিষয়ক পরিকল্পনা, হেলথকেয়ার স্ট্রিমারিং হাউসেস এবং হায়াসেবা দাতাদের মেনে চলা উচিত। যদিও কোন কোন স্ট্যান্ডার্ড এখনো ব্যবহার হয় না কিন্তু ভবিষ্যতে এগুলো অবশ্যই ব্যবহার হবে। এই স্ট্যান্ডার্ডগুলো হচ্ছে-

- লেগথ ক্রেইম বা একই ধরনের বিকল্প তথ্য-উপাত্ত,
- হেলথকেয়ার পেমেট এবং রেমিটেড এন্ডভাইস,
- কো-অর্ডিনেশন অফ বেনিফিটস,
- লেগথ ক্রেইম স্টেটস,
- এনব্রোগেমেন্ট ও ডিস এনব্রোগেমেন্ট ইন এ লেগথ গ্রান,
- ইন্ডিজিবিটি ফর এ হেলথ গ্রান,
- লেগথ গ্রান প্রিমিয়াম পেমেটস, এবং
- বেরফারান সার্বিকফেশন ও অধ্যারায়জেশন।

এরপর তদন্ত পাচ্ছে প্রাইভেসি অর্থাৎ হেলথকেয়ার ইনফরমেটিস্ক সংক্রান্ত তথ্য-উপাত্তের গোপনীয়তা রক্ষার বিষয়। এর মাধ্যমে এ সংক্রান্ত তথ্য-উপাত্ত ব্যাবহারের ক্ষেত্রে নিয়ন্ত্রণ আশ্রয় সস্তব। কারণ অনেক সময় দেখা যায়, কোন ব্যক্তি হায়াসেবা ও পরিচর্যা সংক্রান্ত তথ্য-উপাত্ত অন্য কোন ব্যক্তি জেনে ফেললে বিস্ত্রি ধরনের অমর্হাদারক ও মানহানিকর পরিহিহির সৃষ্টি হয়।

তাছাড়া শুধু স্বাস্থ্য চিকিৎসা বা পরিচর্যা নয় যে কোন ডাঙা-উপাঙ্গ আনোর অনুরূপ ছাড়া ব্যবহার বা অ্যেখণ পণ্যতাত্ত্বিক ও মৌলিক অধিকারের পরিপন্থী। তাই আইন করে এই পোশাকীয় বস্তুর ব্যবহার করা হয়েছে এছাড়াও।

এর পরের অবস্থানে রয়েছে সিকিউরিটি বা নিরাপত্তার বিষয়। এইচআইপিএএ-তে দুটি ক্ষেত্রে নিরাপত্তা বিধানের বিষয় বীত্বত রয়েছে। এই ক্ষেত্রে হলো হচ্ছে— প্রাথমিক প্রতিরক্ষার শারীরিক নিরাপত্তা বিধান, তথা-উপাঙ্গের জন্যে পরিষ্কার নিরাপত্তা, তথা-উপাঙ্গ ও এক্সেসের ক্ষেত্রে কারিগরী নিরাপত্তা এবং ইলেকট্রনিক সিগনেচার। যদিও নিরাপত্তা সম্পর্কিত এদের নিয়ম পাালনের ক্ষেত্রে কোন বাধ্যবাধকতা নেই, তথাপি অনেক ক্ষেত্রেই এদের নিয়ম অমান্যের ব্যাপারেতে ভাল চোখে দেখা হয় না। তাই নিয়মিত কাজ পাওয়ার জন্যে বাধ্য হয়েই এদের নিয়ম যথাযথভাবে অনুসরণ করতে হয়।

প্রসঙ্গ: বাংলাদেশ

হেলথকেয়ার ইনফরমেশন স্ট্যান্ডার্ড ৩য় ভারতীয় নয় উপযুক্ত শিল্প কারখানা এবং দক্ষ ও অভিজ্ঞ জনবল সম্পন্ন সব দেশের জন্যেই সন্ধানমাত্র। তাই বাংলাদেশের জন্যেও এ কাজ অত্যন্ত সম্ভাবনাময়। এখানে সন্তোষ প্রম্ কনো যায়। এ সুযোগ থাকলেই যে কাজ পাওয়া যাবে তা নয়। কাজ পেতে হলে দক্ষ জনশক্তি সৃষ্টি করতে হবে। এ কাজে কঠিন নয়। দেশে হাতক পর্যায়ের মেয়ব সাধারণ ও চিকিৎসা বিষয়ের শিক্ষার্থী আছে, তারা

প্রচ্ছদ প্রতিবেদন

অন-মাইন সুবিধায় প্রয়োজনীয় একাডেমিক সাটফিকিটে অর্জন করে এ কাজের জন্যে নিজেকে উপযুক্ত করে গড়ে তুলতে পারে। এছাড়াই ইতোমধ্যে যারা মেডিক্যাল ডিপ্লোম-কম্পনেশনের কাজ করার উদ্যোগ নিয়েছে, তারা এগিয়ে এসে দ্রুত কাজ পাওয়ার সবচেয়ে অবদুল পরিহিত দেশে সৃষ্টি হবে। তাদের পূর্ব- অভিজ্ঞতা এছাড়াও কাজে সাহায্যে যাবে।

আমরা হেলথকেয়ার ইনফরমেশন স্ট্যান্ডার্ড কেমন বাজার পাবে তা এই মুহুর্তে মুখ্য নয়। মুখ্য ব্যাপার হচ্ছে সাটফিকিটে অর্জনের প্রয়োজনীয় পরিহিত সৃষ্টি করা। অত্রাহী শিক্ষার্থীরা যাতে কোন বাধ্যনা ছাড়াই অন-মাইনে ভর্তি হতে পারে সে দক্ষ্যে মানি ট্রাঈনফারের কাজকে অর্থমূল্যবায়নের উদ্যোগেই খুব সহজ করে দেয়া উচিত। দেশে প্রচুর শিক্ষিত বেকার আছে। এদের মধ্য থেকে লাখ লাখ নয় কয়েক হাজার তরুণ ও যদি এই সাটফিকেশন সম্পন্ন করতে পারে, তাহলেও আমরা আগামী ৩ বছরের মাথায় হেলথকেয়ার ইনফরমেশন স্ট্যান্ডার্ড কাজ করে ডাটা এন্ট্রি, সফটওয়্যার ডেভেলপমেন্ট বা থিওরেটিক্যাল গেসেসিং ইউটিলিটি স্ট্যান্ডার্ডের চেয়ে অনেক বেশি বৈদেশিক মুদ্রা উর্জার্জন করতে পারবে।

ডাটা এন্ট্রি, সফটওয়্যার ডেভেলপমেন্ট বা বিপিওর কাজ সম্বন্ধের দক্ষ্যে বাংলাদেশ ও সন্ক্রান্ত কোম্পানিগুলোর ভাবনুর্তী যুক্তরাষ্ট্রে তুলে ধরার দক্ষ্যে একটি অফিস খুলেছে। এ অফিস যদি এ ব্যাপারে সরকরকে সহায়তা করে, এ সম্পর্কিত অতি শাস্ত্রিতক পরিহিত দেশবাসীকে

হেলথকেয়ার ইনফরমেশন স্ট্যান্ডার্ডের কাজের ক্ষেত্রে স্ট্যান্ডার্ড হচ্ছে সব কিছুই নিয়ন্ত্রক। এই স্ট্যান্ডার্ডকে আত্মসাৎ কখনো পেশিফিকেশন বা প্রটোকল করা হয়। কার্মেসী, চিকিৎসার যন্ত্রপাতি, ইমেজিং বা ইনস্ট্রুমেন্ট ট্রানজেকশন (ক্রইম প্রসেসিং)-এর মতো নির্দিষ্ট হেলথকেয়ার খাতের জন্যে আলাদা আলাদা এই স্ট্যান্ডার্ড প্রয়োজন। প্রায় ৫০ ধরনের স্ট্যান্ডার্ড এবং কোড-স্টেট রয়েছে। এগুলোর মধ্যে সর্বাধিক ব্যবহার হয় স্ট্যান্ডার্ড এইচএল৭(HL7) এবং ডিকম (DICOM)।

এইচএল৭ (হেলথ লংগুয়েজ স্টেণ্ডার্ড)

সাধারণত ক্লিনিক্যাল এবং এডমিনিস্ট্রিটিভ ডাটা প্রসেসিংয়ের ক্ষেত্রে আমেরিকান ন্যাশনাল স্ট্যান্ডার্ড ইনস্টিটিউট (ANSI) অনুমোদিত স্ট্যান্ডার্ড ডেভেলপিং অর্গানাইজেশন (SDOS)-এর নির্ধারিত একটি স্ট্যান্ডার্ড এইচএল৭। হেলথকেয়ার ইনফরমেশন সম্পর্কিত ডাটা ইলেকট্রনিক উপায়ে বিনিময় করার জন্যে সর্বসম্মত একটা স্ট্যান্ডার্ড নির্ধারণের দক্ষ্যে এই এইচএল৭ অর্গানাইজেশন পেনসেলভেনিয়া ইউনিভার্সিটিতে 1৯৮৭ সালে নির্ধারণ করা হয়।

যেস দেশ এইচএল৭ ইম্পের এপ্লিকিয়েশন নেয়, তাদের ক্ষেত্রে এইচএল৭ স্ট্যান্ডার্ড অনুযায়ী প্রশিক্ষণ ও সাটফিকেশন দেয়া হয়। এ প্রশিক্ষণ ও সাটফিকেশনের মাধ্যমে শিচিত করা হয় কোন কোন দেশে হেলথকেয়ার ইনফরমেশন স্ট্যান্ডার্ডের কাজ করতে পারবে। এই সাটফিকেশন দেবেই কাজ দেয়ার বিষয়টি শিচিত করা হয়। আমেরিকার প্রতিবেশী দেশ ভারত এই সাটফিকেশন অর্জন করেছে। এই সাটফিকেশনের জোরেই ভারত 2০০৮ সাল নাগাদ ৩ হাজার কোটি রপি আয়ের হ্রসু দেখাবে।

ডিজিটাল ইমেজিং এন্ড কমিউনিকেশন ইন মেডিসিন

আমেরিকান কলেজ অফ রেডিওলজি (ACR) এবং ন্যাশনাল ইলেকট্রনিক্যাল ম্যানুফেকচারার এসোসিয়েশন (NEMA) রেডিওলজি ইমেজিং এবং অন্যান্য মেডিক্যাল ইনফরমেশন এক কমপিউটার থেকে অন্য কমপিউটারে সেনেদনের দক্ষ্যে এই স্ট্যান্ডার্ড ট্রান্সফার প্রটোকল নির্ধারণ করেছে তাই ডিজিটাল ইমেজিং এন্ড কমিউনিকেশন ইন মেডিসিন বা ডিকম। আইএসও ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড অর্গানাইজেশন থেকে এসএসএই (পেশন সিস্টেমস ইন্টারকানেকশন) স্ট্যান্ডার্ডের প্যাটার্ন নেয়ার বর ডিকম বিভিন্ন ম্যানুফ্যাকচারের উৎপাদিত ডায়াগনোস্টিক এবং থেরাপিউটিক ইনস্ট্রুমেন্ট ও সিস্টেমের মধ্যে ডিজিটাল কমিউনিকেশন সুবিধা প্রদানের বীত্বিত অর্জন করে। কম খরচে হেলথকেয়ার ইনফরমেশন প্রসেসিং সার্ভিস নেয়ার দক্ষ্যে যোগাযোগ সংযোগ সুবিধা সোয়ার ক্ষেত্রে ডিকম তাই অত্যন্ত গুরুত্ব পাচ্ছে।

বিভিন্ন ভৌগোলিক এলাকার মধ্যে অবস্থিত এক সিস্টেম থেকে অন্য সিস্টেমে ডিকম স্ট্যান্ডার্ড ব্যবহারকারী রেডিওলজি সার্ভিস সুবিধা সর্বাধিক বেশি নিতে পারবে। এতে এক যন্ত্রের সাথে অন্য যন্ত্রের কম্প্যাটিবিলিটির কোন সমস্যাও থাকবে না। এই যন্ত্র হিসেবে বিভিন্ন কোম্পানির নির্মিত ওয়ার্কস্টেশন, সিটি (কমপিউটেড টোমোগ্রাফি) স্ক্যানার, এসজার (ম্যাগনেটিক রিজোনেন্স) ইমেজারস, ফিল্ম ডিজিটাইজার, শেরারক আর্কইভ, পেশার স্ক্রিনার, হেট কমপিউটার ও মেইনফ্রেম কমপিউটারকে বিকনো করা হয়। অর্পন সিস্টেম নেটওয়ার্কের মাধ্যমে ডিকম স্ট্যান্ডার্ড প্রটোকল সুবিধায় এ ধরনের এক বা একাধিক যন্ত্র বিভিন্ন অবস্থানে অবস্থান করে পরস্পরের মধ্যে ডাটা সেনাদেন করে। ফলে মেডিক্যাল ইমেজ বা ডাটা খুব দ্রুত একস্থান থেকে অন্যস্থানে স্থানান্তর করা যায়। চিকিৎসকরা দ্রুত ডায়াগনোসিস সিদ্ধান্ত নিতে পারে এবং চিকিৎসা সন্ক্রান্ত সিদ্ধান্ত কম সময়ে কম খরচে নেয়া যায়।

সিলেক্ট করুন (চিত্র-২)। এ টুলটির সাহায্যে পাশাপাশি অবস্থিত একটি নির্দিষ্ট সংখ্যক ফ্রেমকে transparent করে দেয়া যায়। ফলে পরপর দুটি ফ্রেমে এনিমেশন উপাদানগুলোর পারস্পরিক পরিবর্তন (transition) এবং কম্পোনেন্টগুলোর অবস্থান দেখা যায়। টাইমলাইনের উপরের দিকে




চিত্র-২:

যেখানে ফ্রেমের জমসংখ্যা দেখা, সেখানে সেবুন পাশাপাশি অবস্থিত ব্রাকেট চিহ্ন আছে। ব্রাকেট দু'টির মাঝে যে ফ্রেমগুলো থাকবে তধু সেগুলোতে onion skin এটিভ হবে। ব্রাকেট দু'টির একটি ১ নম্বর ফ্রেম এবং অন্যটি ২০ নম্বর ফ্রেমে রাখুন। তাহলে প্রথম ও শেষ ফ্রেমের কন্টেন্ট এক সাথে দেখা যাবে। এবার অক্ষরটিকে টেনে ওভাল শেপের উপর রাখুন এবং transform টুলের সাহায্যে কেন করে ওভাল শেপের সাথে এডজাস্ট করে দিন।

৪. নিত্যই খোঁজা আছে যে, শেপ টোয়াননে ফ্রপ অবজেক্ট, ইনস্টেন্স বা সিঙ্ক ব্যবহার করা যায় না। অর্থাৎ ফ্রপ অবজেক্ট বা সিঙ্ককে শেপ টোয়ান করা যায় না। শেপ টোয়ান করার জন্য এদের আনফ্রপ করে এডিটমোডে উপাদানে রূপান্তর করে নিতে হয় কোন সিঙ্কের উপর মেশ প্যাটার্ন থাকা অর্থ সিঙ্কটি আনফ্রপ হতে। ২০ নম্বর ফ্রেমে যে অক্ষর নেয়া হয়েছে। সেটি একটি সিঙ্ক। এটিকে শেপ টোয়ান করতে হলে প্রথমে একে সিলেক্ট করুন। Modify->break apart-এ ক্লিক করুন অথবা ctrl+B চাপুন। বাস অক্ষরটি এডিটবেল উপাদানে রূপান্তরিত হয়ে গেলো।


৫. এবার ১ ও ২০-এর মধ্যবর্তী যেকোন ফ্রেমে ক্লিক করুন এবং property প্যানেল থেকে টোয়ান আপনার হিসেবে শেপ সিলেক্ট করুন। বাস একটি শেপ টোয়ানড এনিমেশন তৈরি হয়ে গেলো (চিত্র-৩)।



চিত্র-৩:

৬. এবার আমরা এনিমেশনে shape hint প্রয়োগ করব। ধরুন, আমাদের এনিমেশনে ওভাল শেপ যখন রূপান্তরিত হতে B-এর শেপ নিবে,

তখন ওভাল শেপের শীর্ষ এবং পাদ বিন্দুয়ের অবস্থানে ১ নম্বর ফ্রেম সিলেক্ট করতে চাই। সেফেক্রে ১ নম্বর ফ্রেম সিলেক্ট করে modify->shape->add shape hint-এ ক্লিক করুন অথবা ctrl+shift+H চাপুন (চিত্র-৪)। ফলে ওয়ার্ক



চিত্র-৪:

স্পেসে লাল বয়েজের ছোট একটি বৃত্ত দেখতে পাবেন। এটিকে ওভাল শেপের শীর্ষ বিন্দুতে স্থাপন করুন এবং ২০ নম্বর ফ্রেম সিলেক্ট করুন এবং লাল বৃত্তটিকে যথাযথ স্থানে স্থাপন করুন। যদি বৃত্তের রং সবুজ হয়ে যায়, সেফেক্রে বুঝবেন shape hint প্রয়োগ যথাযথ হয়েছে। একইভাবে দ্বিতীয় hint প্রয়োগ করুন (চিত্র-৫ ও ৬)।



চিত্র-৫:




চিত্র-৬:

মোশন গাইড

এনিমেশনে যখন মোশন টোয়ান যোগ করা হয়, তখন এতে মোশন গাইড পেয়ার যোগ করে এনিমেশনের মুভমেন্টের দিক নিয়ন্ত্রণ করা যায়।

০১. প্রথমে নতুন লেয়ার দিন এবং লেয়ারটির নাম motion দিন। লেয়ারটি'১' নম্বর ফ্রেম সিলেক্টেড থাকা অবস্থায় লাইব্রেরি থেকে যেকোন একটি অবজেক্ট ওয়ার্ক স্পেসে রাখুন। Motion পেয়ার সিলেক্টেড থাকা অবস্থায়

motion guide-এ ক্লিক করুন। এতে motion সেয়ারের টিক উপরে motion guide লেয়ার তৈরি হবে। সেয়ারটির নাম দিন motion guide। দুই সেয়ারের মধ্যে সম্পর্ক অনেকটা এরকম যে motion সেয়ারের বস্পানদেবতা motion guide সেয়ার গইড করবে (চিত্র-৭)।




চিত্র-৭

০২. motion guide সেয়ার সিলেক্টেড থাকা অবস্থায় পেন টুল সিলেট করুন এবং ওয়ার্ল্ড স্পেসে ইচ্ছেমতো একটি পাথ আঁকুন। চাইলে ওভাল টুল দিয়ে circular শেপ আঁকতে পারেন।

০৩. Motion সেয়ারের ২০ নম্বর ফ্রেমে একটি কীফ্রেম ইনসার্ট করুন এবং কীফ্রেম motion সেয়ারের ২০ নম্বর ফ্রেমে একটি কীফ্রেম ইনসার্ট করুন।

০৪. এবার motion সেয়ারের ১ নম্বর ফ্রেম সিলেক্ট করা অবস্থায় লাইব্রেরি থেকে ইন্সোর্টেড সিলব বা অবজেক্টটির উপর আরো টুল সিলেক্ট

করে ক্লিক করুন। সিলবটির মধ্যবর্তী স্থানে একটি + চিহ্নিত ছোট বৃত্ত দেখতে পাবেন। সিলবটিকে আরো টুলের সাহায্যে টেনে অঙ্কিত পাথের সূচনা বিন্দুতে এমনভাবে স্থাপন করুন যেন সিলবের +




চিত্র-৮

চিহ্নিত বিন্দুটি উক্ত বিন্দুর উপর পড়ে (চিত্র-৮)। ০৫. motion সেয়ারের ২০ নম্বর ফ্রেম সিলেক্ট করুন। পাথের শেষ বিন্দুতে আগের মতো সিলবটি স্থাপন করুন।

০৬. এবার motion সেয়ারের ১ ও ২০ নম্বর সেয়ারের মধ্যবর্তী যেকোন একটি ফ্রেম সিলেক্ট করে property প্যানেলে tween অপশন থেকে motion সিলেট করুন এবং orient to path চেকবক্সটি চেক করে দিন।

এভাবে আপনি ট্রাশে শেপ ও মেশন টোয়্যাইন এনিমেশনকে নিয়ন্ত্রণ করতে পারবেন। ট্রাশের এ দু'টি ফিচারের দক্ষ ব্যবহার এনিমেশনকে যথেষ্ট সাবলীলতা এনে দিতে পারে।

মায়্যা
(৭৭ পৃষ্ঠার পর)
এখন একটি বৃত্ত তৈরি করে কার্ভের উপর এয়ট্রুড করুন।



চিত্র-১২

এবার একটি নতুন সেয়ার তৈরি করে সব কিউবকে এতে দু'দিকের রাখুন। শেড ব্যবহার করতে হলে কিউবগুলোর casting shadow on করতে হবে। এখন প্রে করলে সম্পূর্ণ একটি এনিমেশন দেখা যাবে।



চিত্র-১৩


এভাবে মায়্যা ৬-এর নতুন ফিচার ব্যবহার করে চমকভর সব এনিমেশন করা যাবে। কাজটি আর সহজই নয়। মায়্যা ৬ সংগ্রহ করে নতুন নতুন এনিমেশন তৈরিতে লেগে যান।

এডোবি প্রিমিয়ারে সাউন্ড মিক্সিং

(৭৯ পৃষ্ঠার পর)

অডিও মিক্সার উইন্ডো ব্যবহার

অডিও মিক্সার উইন্ডো ব্যবহার করে অডিও এবং ভিডিও ট্র্যাক চলা অবস্থায় সাউন্ড মিক্সিং করা যায়। মেনু বারের উইন্ডো অপশনে গিয়ে অডিও মিক্সার উইন্ডোটি ওপেন করতে পারবেন। উইন্ডোতে প্রতি অডিও ট্র্যাকের জন্য আলাদা একটি করে চ্যানেল আছে। এর মাধ্যমে পুরো ট্র্যাকের কেডিং এক সাথে করা যায়। উইন্ডোটিকে আপনি মোডিফাই করতে পারেন। উইন্ডোর টাইটেল বারে রাইট ক্লিক করে মিক্সার চ্যানেলের সাথে আউটপুট চ্যানেলও ওপেন করতে পারেন (চিত্র-৫)।



চিত্র-৫

যেভাবে মিক্সিং করবেন

অডিও ট্র্যাকটি আগের মত টাইমলাইনে ওপেন করে অডিও মিক্সার উইন্ডোটি ওপেন

করতে হবে। যে চ্যানেলটি আপনার ট্র্যাকটি কন্ট্রোল করতে সেটি সিলেক্ট করতে হবে (যেমন: অডিও ট্র্যাক-১ কে কন্ট্রোল করতে চ্যানেল-১)। উইন্ডোর উপরে অটোমেশন রাইট বাটনটি ক্লিক করতে হবে।

এরপর প্রে বাটনটি ক্লিক করতে হবে। এক্ষেত্রে মূণ বাটনটি ক্লিক করলে ট্র্যাকটি বারবার চন্দবে। আর একটি ক্লিক করলে ট্র্যাকটির একটি নির্দিষ্ট অংশ চন্দবে। চ্যানেলের ভলিউম ফেড বারটি উপরে-নিচে ড্র্যাগ করে ট্র্যাকের গেন্নি লেভেল সেট করা যায়। নয়েজ ডিস্টোরশন এড়াতে চ্যানেলের বাম পাশে দেয়া ডি-ইউ মিটারটিতে হলুদ রং আছে কি-না তা দেখতে হবে। এর রং ফাল হলে সেই গেন্নি লেভেলে নয়েজ ডিস্টোরশন হবে।

একাধিক ট্র্যাক কেডিং
প্রথমে ট্র্যাকগুলো টাইমলাইনে ওপেন করে প্রতিটির চ্যানেল সিলেক্ট করতে হবে। প্রতিটির চ্যানেল কন্ট্রোল বারে রাইট ক্লিক করে ট্র্যাকগুলোকে একই গ্রুপ সিলেক্ট করে নিতে হবে। প্রতিটি চ্যানেলের অটোমেশন রাইট বাটনটি ক্লিক করতে হবে।

এখন আগের মত যে কোন একটি চ্যানেলের কন্ট্রোল বার দিয়ে গেন্নি লেভেল সেট করে নিতে হবে। এক্ষেত্রে চ্যানেল সেট করলে এগুপের সব চ্যানেল একইভাবে সেট হয়ে যাবে। কেডিং শেষে প্রতিটির চ্যানেল কন্ট্রোল বারে রাইট ক্লিক করে নো গ্যাং সিলেক্ট করলে ট্র্যাকগুলো গ্রুপ থেকে আলাদা হয়ে যাবে।

ট্র্যাকগুলোকে আলাদা আলাদা গেন্নি লেভেলে সেট করতে হলে এগুপে সিলেক্ট না করে প্রতিটির চ্যানেল কন্ট্রোল বার দিয়ে আলাদা গেন্নি লেভেল সেট করে নিতে পারেন।

এডোবি প্রিমিয়ারে দিয়ে কোন অডিও ট্র্যাকের লেফট বা রাইট চ্যানেল আলাদাভাবে অথবা দুটোকে একইসাথে ব্যবহার করতে পারেন। টাইমলাইনের অডিও অপশনে ডুপ্লিকেট লেফট বা ডুপ্লিকেট রাইট সিলেক্ট করে এই কাজ করা যায়। একইভাবে অডিও অপশনে মিউট লেফট বা মিউট রাইট সিলেক্ট করে চ্যানেল মিউট করা যায়। সোলো অপশনটি দিয়ে লেফট চ্যানেলের ক্রিপ রাইট চ্যানেলে অথবা রাইট চ্যানেলের ক্রিপ লেফট চ্যানেলে পরিবর্তন করা যায়।


আজ আমরা জানতে পারলাম এডোবি প্রিমিয়ারের সাউন্ড মিক্সিং টুলটি ব্যবহার করে কীভাবে অডিও মিক্সিং করা যায়। এর সাহায্যে খরে বসেই আপনার প্রিয় যেকোন অডিও ট্র্যাককে ইচ্ছেমতো মিক্সিং করতে পারবেন। এই টুলটি আরও ব্যাপক ব্যবহার রয়েছে।

মায়ার এনিমেশন প্রজেক্ট

মো: মোস্তফা আজাদ


মায়ার অমরা জানি দুটি বিদ্যুতে কোনো একটি রশি স্বাভাবিক অবস্থায় পুরোপুরি টানটান না থেকে নিচের দিকে ঝুলে থাকে। মধ্যাকর্ষণের জন্য রশিটির মধ্যবিন্দু সবচেয়ে নিচে থাকে। কিন্তু যদি এই রশির উপর একটি ওজন দিয়ে ছেড়ে দেয়া হয় তবে রশির স্বাভাবিক অবস্থানের পরিবর্তন হবে। যে জায়গার ওজন কাজ করবে সেই জায়গা বেশি ঝুলে যাবে ও এর প্রভাবে আশেপাশের জায়গারও অবস্থানের পরিবর্তন হবে। এভাবে ওজনটি রশির উপর দিয়ে এক প্রান্ত থেকে অন্য প্রান্ততে যাওয়ার জন্য ক্রমাগত রশিটির অবস্থান পরিবর্তন হবে। এটি যে কোন টানটান করে তোলানো বস্তুর ফেলেই প্রযোজ্য। এই মধ্যাকর্ষণ ও ওজনের ফলে ঝুলন্ত রশির অবস্থানের পরিবর্তন মায়ার এনিমেশনের মাধ্যমে খুব সহজেই করে দেখা যায়।

সফলভাবে নিচের ধাপগুলো সম্পন্ন করলে নিচের চিত্রের মতো এনিমেশন দেখা যাবে।



চিত্র-০:

ফ্রন্ট ভিউতে নিচের মতো ৭টি কিউব তৈরি করুন যাদের মধ্যে ৩ ইউনিট দূরত্ব বিদ্যমান।



চিত্র-১:

মাঝখানের ৫টি কিউবকে default setting এ active rigid body-তে রূপান্তর করুন।



চিত্র-২:


বাইরের কিউব দুটিকে passive rigid body-তে রূপান্তর করুন। অবশ্য ইচ্ছে করলে এদেরকেও active body-তে রূপান্তর করা যায়।



চিত্র-৩:

এরা যোহেতু গ্রাভিটির প্রভাব থেকে মুক্ত। তাই এদের active না করলেও চলে।

কিউবগুলোর মাঝখানে spring constraints তৈরি করুন। একেত্রে stiffness=50, damping=50 এবং rest-length = 2 হবে। অন্যরকম সেটিংও দেয়া যায় তবে, এনিমেটেড অবস্থার দুটি কিউব-এর মধ্যে পার্থক্য কম রাখার জন্য উপরের সেটিং ব্যবহার করা হয়েছে। এতে রশি অনেক বেশি টানটান থাকবে। শেষে সর্বমোট ৬টি spring constraints থাকবে।



চিত্র-৪:

ভিতরের ৫টি কিউবকে সিলেক্ট করে এর সাথে magnitude=20, attenuation=0 দিয়ে একটি gravity field যোগ করুন।



চিত্র-৫:

এখন প্লেন করলে ১৫০টি ফ্রেম রান করবে। এতে কিউবগুলো পড়ি হারাবে এবং ঝুলে যাবে। এবার এনিমেশন বন্ধ করে মাঝের ৫টি কিউবকে একই সরান। ফেহেতু এগুলো লকড নয় তাই পরবর্তী সময়ে প্লেন করলে কিউবগুলো তাদের অবস্থানেই থাকবে।




চিত্র-৬:

৭টি কিউবের জন্য selection-handle-কে চালু করুন। এখন একটি ও ভিডিও কার্ড তৈরি করুন যা প্রতিটি selection-handle-এ বিস্তৃত থাকবে। প্রতিটি কার্ডেরই ৭টি cv থাকতে হবে।




চিত্র-৭:




চিত্র-৮:

প্রতিটি cv সিলেক্ট করে ক্রান্তার তৈরি করি। প্রতিটি ক্রান্তার ও কিউবকে সিলেক্ট করুন ও ক্রান্তারগুলোকে কিউবগুলোর parent করুন। এখন কার্ভটি কিউবগুলোর মাধ্যমে জাইনামিকভাবে এনিমেটেড হলে।




চিত্র-৯:

একটি স্পয়ার তৈরি করে একটি মেশন পাব-এর মাধ্যমে কার্ভ-এর সাথে যুক্ত করুন। গ্রাফ এডিটরে সময় এমনভাবে নিয়ন্ত্রণ করুন যেন গ্রাফটি ফ্রেম-১ এ জানু-০ থেকে ফ্রেম-১০০-এ জানু-1 হয়। এবার দুটি আলো কী তৈরি করুন যাদের জানু ১ থেকে ১৫০ ও ০ থেকে ২৫০। এখন ট্যানজেন্টগুলোকে লেভেল করুন। এখন sphereটি frame ১-১০০ পর্যন্ত বাম থেকে ডানে এবং ১৫০-২৫০-এ ডান থেকে বামে যাবে।



চিত্র-১০:

আবার ভিতরের ৫টি কিউবকে সিলেক্ট করে দ্বিতীয় আরেকটি গ্রাভিটি ফিল্ড যোগ করুন। কিন্তু এবার magnitude=200-500 এবং attenuation=2 হতে হবে। Gravity-কে sphere-এর মাঝখানে নিয়ে এর সাথে যুক্ত করি। gravity sphere-এর সাথে যুক্ত করবে।



চিত্র-১১:

(বাঁকি অংশ ৭৪ পৃষ্ঠায়)

ফটোশপে থ্রী-ডি ইফেক্ট

মোহিতুর রহমান

এডেবি ফটোশপ মূলত একটি টু-ডি বা বিমাত্রিক গ্রাফিক্স সফটওয়্যার। কিন্তু এই টু-ডি সফটওয়্যার ব্যবহার করেও বিভিন্ন থ্রী-ডি বা ত্রিমাত্রিক ইফেক্ট তৈরি করা যায়।

থ্রী-ডি ইফেক্ট কী


আমরা যখন কোন জিনিস দেখি, তখন এর তিনটি মাত্রা বা ডাইমেনশন দেখি। যেমন-দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা। এই পৃথিবীর সব বস্তুই এই তিন মাত্রা রয়েছে। কোন ইমেজ বা ছবিতে যখন এই তিন মাত্রাই দৃশ্যমান হয়ে ওঠে, তখন তাকে থ্রী-ডি বা ত্রিমাত্রিক ইমেজ বলে। কিন্তু সাধারণ ছবি বা ইমেজ থ্রী-ডি না হলে সাধারণত দৈর্ঘ্য, প্রস্থ ছাড়া আর কিছু দেখা যায় না। তাই বর্তমানে প্রচলিত ছবিগুলো টু-ডি বা বিমাত্রিক হয়।

ফটোশপে থ্রী-ডি ইফেক্ট

প্রথমেই বলছি, ফটোশপ একটি টু-ডি সফটওয়্যার। তাই এটি সাধারণত ইমেজ প্রসেস বা এডিট করতেই ব্যবহার করা হয়। কিন্তু এই এডেবি ফটোশপ ব্যবহার করেই থ্রী-ডি ইমেজ তৈরি করা সম্ভব। কীভাবে ফটোশপ ব্যবহার করেই থ্রী-ডি ইমেজ তৈরি অথবা ইমেজ থ্রী-ডি ইফেক্ট দেয়া যায় তাই আমরা জানাবো।

আমরা একই চেষ্টা করলেই উইডোজ এক্সপ্রেশন লোগোর ডেকটপ ওয়ালপেপারটির মতো একটি ইমেজ তৈরি করতে পারি। আসুন দেখা যাক কীভাবে ইমেজটি তৈরি করা যায়।

হ্যাঁ করতে হবে: প্রথমে এডেবি ফটোশপ ওপেন করে, মাইল মেনু থেকে New-তে ক্লিক করে একটি নতুন ইমেজ সৃষ্টি হবে। এবার Image-এ রাইট ক্লিক করে ইমেজ সাইজ নির্ধারণ করতে হবে (চিত্র ১)।



চিত্র ১




চিত্র ২

এক্ষেত্রে ইমেজটির সাইজ হবে ১০২৪x৭৬৮ পিক্সেল। অর্থাৎ ৮ওড়া ১০২৪ এবং উচ্চতা ৭৬৮ পিক্সেল।

- এখন নতুন ইমেজটিতে একটি নতুন লেয়ার তৈরি করতে হবে (Insert->New Layer)।
- এবার নতুন লেয়ারে Path Tool (চিত্র ২) ব্যবহার করে ডিগেরে ৩-এর মতো করে একটি শেপ আঁকতে হবে।

এর পর উইডোজ এর লোগোর মতো করে যাক অংশগুলো (৩ টি)



চিত্র ৩

আঁকতে হবে চিত্র ৪।



চিত্র ৪

• আঁকা হয়ে গেলে সম্পূর্ণ ইমেজটি চিত্র ৫-এর মতো দেখাবে।



চিত্র ৫




চিত্র ৬

এবার লেয়ার-এর উইডো থেকে পাথ ট্যাগে ক্লিক করতে হবে (চিত্র ৬)। এবং পাথ লেয়ারে রাইট ক্লিক করে Make Selection মেনুতে ক্লিক করতে হবে।

- এবার সিলেকশনের পরে Paint Bucket টুল-এর সাহায্যে

• এবার ৩ টি নতুন লেয়ার সৃষ্টি হবে।

- লেয়ার নোবর পর Magic Wand Tool (চিত্র ৭) দিয়ে শেপগুলো একটা একটা করে সিলেক্ট করে কপি করতে হবে।
- এবং নতুন তৈরি করা লেয়ারগুলোতে পেস্ট করতে হবে।
- ৩ টি লেয়ার পেস্ট করার পর



চিত্র ৭

এখন এই লেয়ারগুলোকে উইডোজের লোগোর আকারে সাজাতে হবে।

এর পর শেপগুলোতে অ্রেডিয়াট টুল (পেইন্ট ব্রাশের টুল এ লং ক্লিক) দিয়ে এমনভাবে ডার্টক্যাল অ্রেডিয়াট দিতে হবে যেন, আলো ছাড়া মনে হয়। একইভাবে বাকি লেয়ারগুলোকেও অ্রেডিয়াট দিতে হবে।

অ্রেডিয়াটে পরে লেয়ার ১ সিলেক্ট করে এতে ডাবল ক্লিক করতে হবে এবং লেয়ার প্রোপার্টিজ-এ নিম্ন লিখিত ইফেক্ট দিতে হবে-

ড্রপ শ্যাডো: ড্রপ শ্যাডো সিলেক্ট করে চেক মার্ক দিতে হবে। এবং ব্ল সিলেক্ট করতে হবে #৯৯৯৯৯৯। তারপর অপাসিটি ৭৫% দিতে হবে। এসেল ১১০ দিতে হবে। এখন ডিসটেন্স ৪৩ ও সাইজ ৫ দিতে হবে।


বেভোল এড এমবস: বেভোল এড এমবস সিলেক্ট করে চেক মার্ক দিতে হবে। এবং স্টাইল ইনার বেভোল দিতে হবে। এবার টেকনিক -এ স্মুথ দিতে হবে। এবার ডেপথ ২০০% দিতে হবে। ডিরেকশন আপ, সাইজ ১০ এবং সফটেন ১০ দিতে হবে। এখন শেডিং অপেন এসেল ১১০ দিতে হবে। এটিফ্র ৩০ দিতে হবে। এবার হাইলাইট মেড ক্রিন এবং কালার #cccccc ও ওপাসিটি ৭৫% দিতে হবে। গ্যাডো মেড মালটিসাই এবং কালার # ৯৯৯৯৯৯ ও ওপাসিটি ৭৫% দিতে হবে।

বেভোল এড এমবস-এর কাউন্টার সিলেক্ট করে চেক মার্ক দিতে হবে। এবং রেপ্ল ৫০ % দিতে হবে।

এবার লেয়ার প্রোপার্টিজ-এ রাইট ক্লিক করে লেয়ার স্টাইল কপি করতে হবে। এবং অন্যান্য লেয়ারে তা পেস্ট করতে হবে।

লেয়ার স্টাইল-এর পর ব্যাকগ্রাউন্ড (না থাকলে নতুন লেয়ার দিতে হবে। এবং তা সব লেয়ারের নিচে রাখতে হবে) ব্যাকগ্রাউন্ড লেয়ারেও অ্রেডিয়াট দিতে হবে। তবে এফেক্টের শেপ-এর উল্টো দিকে অ্রেডিয়াট দিতে হবে।

হয়ে গেলে এক্সপ্রি ওয়ালপেপার। এখন ইচ্ছে মতো টেক্সট দেয়া যেতে পারে।



চিত্র ৮

• এবার ইমেজটি সেভ করতে হবে। এক্ষেত্রে save as-এ jpg সিলেক্ট করে সেভ করতে হবে। এবং কোয়ালিটি ১২ বা মেজিগাম দিতে হবে। সম্পূর্ণ হয়ে গেলে ইমেজটি চিত্র ৮-এর মতো দেখাবে।

এডোবি প্রিমিয়ারে সাউন্ড মিক্সিং

আকমল হাসেন

জীবনের প্রায় প্রতিটি ক্ষেত্রে কমপিউটার ব্যবহার হয়। বিনোদনে এর ব্যবহার ব্যাপক। গান, সিনেমা ঘাই বলুন, সব কিছুতেই এর ব্যবহার অপরিসর্য বলা চলে। এক্ষেত্রে একটি ব্যবহার হচ্ছে সাউন্ড মিক্সিং। কমপিউটার সাউন্ড মিক্সিংকে অনেক উন্নত করেছে। সাউন্ড মিক্সিং এখন অনেকের কাছেই একটি প্রিয় বিষয়। এ লেখাে আমরা সাউন্ড মিক্সিং টুল এডোবি প্রিমিয়ার ব্যবহার সম্পর্কে জানবো। এর সাহায্যে আপনি ঘরে বসে নিজের পছন্দের যেকোন অডিও বা ভিডিওর সাউন্ড মিক্সিং করতে পারবেন।

কীভাবে করবেন

প্রথম কাজ হলো যে অডিও ক্লিপটি মিক্স করবেন, তার পেনিন সেভেল সেট করা। মনে রাখতে হবে, পেনিন সেভেল বেশি হলে নয়েজ ভিস্টরশন তৈরি হবে এবং মিক্সিং ভাল হবে না। ডিফিউল্ট মিক্সিংয়ের জন্য পেনিন সেভেল খুব কম রাখতে হয়।

পেনিন সেভেল সেট করা

প্রথমে মেনু বারের ফাইল থেকে নিউ প্রোজেক্ট ওপেন করে নির্দিষ্ট সাইজের ফাইলটি সিলেক্ট করে Ok-তে ক্লিক করতে হবে। আবার মেনু বারের ফাইল থেকে অডিও ট্র্যাক ওপেন করতে হবে। মনিটর নামের যে উইন্ডোটি আছে সোর্স নামক অংশ থেকে মাইন্স দিয়ে ড্র্যাগ করে টাইম লাইনে উইন্ডোটির অডিও ট্র্যাক অংশে এনে মাইন্স ছেড়ে দিলে আপনার ট্র্যাকটি টাইম লাইনে-এ ওপেন হয়ে যাবে। ট্র্যাকের উপর রাইট ক্লিক করে ট্র্যাকটিতে অনেক ক্লিপে ভাগ করা যায়।

এরপর ক্লিপের উপর রাইট ক্লিক করে অডিও অপশনে গিয়ে অডিও পেনিন উইন্ডোটি ওপেন করে ট্র্যাকের পেনিন সেভেল পছন্দমত সেট করতে পারেন। এখানে মনে রাখতে হবে, পেনিন সেভেল ১০০%-এর বেশি হলে এটি অডিও ক্লিপকে এম্প্লিফাই করবে এবং ১০০%-এর নিচে হলে অডিও সাউন্ড হালকা করবে। অর্থাৎ আপনার ক্লিপের সাউন্ড কমিয়ে দিবে।

অডিও অপশনের নর্মালা অপশনটি সিলেক্ট করলে অটোমেটিক পেনিন সেভেল সেট হয়ে যাবে। সবশেষে Ok-তে ক্লিক করতে হবে।

ফেডিং এবং ক্রস-ফেডিং

এডোবি প্রিমিয়ারের মাধ্যমে অডিও ট্র্যাককে ফেড বা ক্রস-ফেড করতে পারবেন। ফেডিং ও ক্রস-ফেডিং করার দুটি পদ্ধতি প্রিমিয়ারে আছে: টাইমলাইনে পেনিন সেভেল সেট করে। আর অডিও মিক্সার উইন্ডো ব্যবহার করে।

ফেডিংয়ের ক্ষেত্রে ট্র্যাকের লেংথ এবং টাইমিং খুব গুরুত্বপূর্ণ। তাই নর্মালা ফেডিংয়ের

জন্য টাইমলাইনে ব্যবহার করতে পারেন। জটিল ফেডিংয়ের জন্য অডিও মিক্সার উইন্ডো ব্যবহার করা ই ভাল।


টাইম লাইনে ফেডিং

ফেডিং করার একটি পদ্ধতি হচ্ছে রেড ফেড কন্ট্রোল। এটি রাবারব্যান্ড নামেও পরিচিত। এ পদ্ধতিতে আপনি অডিও ক্লিপের যেকোন পর্যায়ে পেনিন সেভেল সেট করতে পারবেন।

যেভাবে করতে হবে


প্রথমে অডিও ট্র্যাকটি টাইম লাইনে ওপেন করে নিতে হবে।

ট্র্যাকের বামপাশের কিছুতে ক্লিক করে রেড ফেড কন্ট্রোল বা পেন-রাবারব্যান্ড আইকনটিতে ক্লিক করতে হবে। ট্র্যাকটিকে বিভিন্ন ক্লিপে ভাগ করার জন্য ট্র্যাকের উপর রাইট ক্লিক করে সেট ক্লিপ নাম্বার অপশন থেকে আলাদা আলাদা ক্লিপ নাম্বার নিতে পারবেন (চিত্র-১)।



চিত্র-১


টাইম লাইনের উইন্ডোর উপরে থেকে পেনিন সেট টুলটি নিয়ে ট্র্যাকের উপরে রেড ফেড কন্ট্রোল নামের যে লাল লাইনটি আছে তার উপর লেফট ক্লিক করলে লাল ফোটা তৈরি হবে। এই লাল ফোটার নাম ফেড-হেভেল। এই ফেড-হেভেলকে ড্র্যাগ করে সেই ক্লিপের পেনিন সেভেল পরিবর্তন করতে পারেন। কোন ফেড-হেভেল ডিফিউল্ট করতে হলে ফেড-হেভেলকে ড্র্যাগ করে ট্র্যাকের নিচে নামিয়ে মাইন্স ছেড়ে নিতে হবে। বেশি ফেড-হেভেল ব্যবহার করার জন্য ট্র্যাকটিতে মাইন্স দিয়ে ড্র্যাগ করে বড় করে নিতে পারেন (চিত্র-২)।



চিত্র-২

ফেড-হেভেলকে মাইন্স দিয়ে লেফট ক্লিক করে সিফট চেপে উপরে নিতে ড্র্যাগ করলে পেনিন সেভেল বাক পরিবর্তন হচ্ছে তা আপনি দেখতে পারবেন।


যদি দুটি ফেড-হেভেলের মাঝখানে পেনিন সেভেল পরিবর্তন করতে চান, তাহলে ফেড এডজাস্টমেন্ট টুলটি সিলেক্ট করে ফেড-হেভেল দুটির মাঝখানে পরেটোর রেপে ড্র্যাগ করে ফেড এডজাস্ট করতে পারেন (চিত্র-৩)।



চিত্র-৩

আপের ক্লিপের পেনিন সেভেল পরিবর্তন না করে পরের ক্লিপের পেনিন

সেভেল পরিবর্তন করার জন্য ফেড মিক্সার টুলটি ব্যবহার করা হয়। টুলটি দিয়ে ক্লিপের মাঝখানে ক্লিক করে একাধিক ফেড-হেভেল তৈরি করে নিতে পারেন। এভাবে তৈরি ফেড-হেভেলের পেনিন সেভেল আপের মতো পেনিন সেভেল পরিবর্তন করলেও আপের ক্লিপে কোন পরিবর্তন হবে না। এভাবে একটি অডিও ট্র্যাকের বিভিন্ন পর্যায়ে আলাদা আলাদা পেনিন



চিত্র-৪

সেভেল সেট করতে পারেন (চিত্র-৪)।

একাধিক ট্র্যাক ক্রস-ফেড করা

প্রথমে ট্র্যাকগুলোকে টাইমলাইনে ওপেন করতে হবে। প্রতিটি রেড ফেড কন্ট্রোল বা পেন-রাবারব্যান্ড আইকনটিতে ক্লিক করতে হবে। এরপর প্রতিটি ট্র্যাকের লেংথ সমান করে নিতে হবে। তারপর ক্রসফেড টুল ক্লিক করে কোনো একটি ট্র্যাককে আপের মতো ফেড করলেই সবগুলো একইভাবে ক্রসফেড হয়ে যাবে।

ভিডিও ট্র্যাকের অডিও ও ক্রস-ফেড করা

কোন ভিডিও ট্র্যাকের অডিও অংশকেও ফেড করতে পারেন। এক্ষেত্রে শুধু অডিও ট্র্যাককে ড্র্যাগ করা যায় না। এজন্য আপনাকে মেনু বারের টাইমলাইন অপশনে গিয়ে শিফ মোড অফ করতে নিতে হবে। তাহলে অডিও এবং ভিডিও ট্র্যাক আলাদাভাবে ড্র্যাগ করতে পারবেন। ভিডিও ট্র্যাকের অডিও ক্রস-ফেড করার একটি পদ্ধতির নাম এল-ক্যাট। ট্র্যাকের অডিও এবং ভিডিও অংশ একই সাথে ওক বা শেখ না হলে এল-ক্যাট পদ্ধতি ব্যবহার করে ক্রস-ফেড করা হয়।

যেভাবে করবেন

প্রথমে ভিডিও ট্র্যাকটিতে টাইমলাইনে ওপেন করে এর সিল্ক মোডটি অফ করে নিতে হবে। অডিও ট্র্যাককে ক্লিপে ভাগ করে নিতে হবে।

ক্রস-ফেড টুলটি সিলেক্ট করে বিভিন্ন পর্যায়ে আপের মতোই ক্রস-ফেড করে নিতে পারেন। এক্ষেত্রে আপনি অডিও ট্র্যাককে একেবারে ফেড-আউট করতে পারেন। তাহলে ভিডিও ট্র্যাকটিতে আর কোন অডিও ট্র্যাক থাকবে না।

ক্রস-ফেড করা শেষে সিল্ক মোডটি আবার অন করে নিতে হবে।

(ব্যক্তি অংশ ৭৪ পৃষ্ঠায়)

কমপিউটার জগতের খবর

বাংলাদেশ ইনফরমেটিক্স অলিম্পিয়াড কমিটি গঠন

ইন্টারন্যাশনাল ইনফরমেটিক্স অলিম্পিয়াড অনুষ্ঠিত

ইন্টারন্যাশনাল ইনফরমেটিক্স অলিম্পিয়াড (আইইওআই)-এর ১৬তম প্রতিযোগিতা সম্প্রতি গ্রীষ্ম অর্ধশতাব্দে অনুষ্ঠিত হয়। এবার ৭৯ জন এই প্রতিযোগিতায় অংশ নেন। ১২ সেক্টরের এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন শেষে অনুষ্ঠানবর্নদের আয়োজন করা হয়। ১৩ ও ১৫ সেক্টরের সন্মাল ৯টা থেকে ২টা পর্যন্ত ৫ ঘণ্টাব্যাপী দু'ভাগ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ১৭ সেক্টরের বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

প্রতিযোগিতায় প্রতিযোগীদের উইন্ডোজ এক্সপি প্রোগ্রাম এবং রেকর্ড হ্যাট ৯.০ সিনআর ইনটেল কমপিউটার ব্যবহার করে সি ও পাসকল ভাষায় প্রোগ্রামিং সমস্যার সমাধান করতে দেয়া হয়। ৩০০ নম্বরের প্রতিযোগিতায় ৫৬৫ নম্বর পেয়ে প্রেট প্রিন্টের পল জেফ্রিস চ্যাম্পিয়ন, ৫৬০ নম্বর পেয়ে রিচার্ড টানের ওয়েংং হু, ৫০০ নম্বর পেয়ে তৃতীয় ডিয়ানাবেং লু, ৫২০ নম্বর

পেয়ে সি লি চতুর্থ এবং পোল্যান্ডের বারলোসিয়েজ রোমানস্কি পঞ্চম হয়েছে। প্রতিযোগিতায় ২৯০ জন প্রতিযোগীর মধ্যে ২৬ জন স্বর্ণ, ৯৯ জন রৌপ্য এবং ৭১ জন ব্রোঞ্জ পুরস্কার পায়। প্রতিযোগিতায় বাংলাদেশ এবার পর্যবেক্ষক হিসেবে অংশ নেয়।

১৮-২৫ আগস্ট ২০০৫ শেখাভায়ে আবার এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই প্রতিযোগিতায় বাংলাদেশ মাতে নিয়মিত মন হিসেবে অংশ নিতে পারে সে লক্ষ্যে অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরীর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। এছাড়া বাংলাদেশে এ ধরনের একটি প্রতিযোগিতা অনুষ্ঠানের লক্ষ্যে অধ্যাপক জাফর ইকবালকে সভাপতি করে বাংলাদেশ ইনফরমেটিক্স অলিম্পিয়াড কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির উদ্যোগে বুবা শিগরিই একটি জাতীয় প্রতিযোগিতার আয়োজন করা হবে। একই লক্ষ্যে প্রয়োজনীয় প্রকৃতিও চলছে।

অফিস ২০০৩-এর

সোর্সকোড উন্মুক্ত হচ্ছে



সফটওয়্যার তেজস্বলপকারী প্রতিষ্ঠান মাইক্রোসফট কর্পো. মাইক্রোসফট অফিস ২০০৩-এর প্রোগ্রামিং সোর্সকোড উন্মুক্ত করে দিবে।

বিল গেটসের সম্প্রতি এক ঘোষণা অনুযায়ী এই মুহূর্তে সফটওয়্যার কার্যক্রমে ব্যবহার করা ওএনএ-এর ক্ষেত্রে প্রয়োজ্য হবে। এজন্য আর্থী দেশের সরকারকে মাইক্রোসফটের সাথে ৩ বছর মেয়াদী একটি চুক্তি করতে হবে। মাইক্রোসফটের এই উদ্যোগকে ইতোমধ্যে অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য, চীন, নরওয়ে, রাশিয়া এবং স্পেনসহ মোট ৩০টি দেশ শরণ পেয়েছে। হুজি স্বাক্ষর করেছে। বুবা শিগরিই আবার ৬০টি দেশে এ লক্ষ্যে মাইক্রোসফটের সাথে চুক্তি করেছে। এর ফলে মাইক্রোসফটের প্রতিদ্বন্দ্বী সিনআর ব্যবহারের ক্ষেত্রে অনেকেরই অনুপ্রাণনা হবে। অবশ্য এ সন্দর্ভে মাইক্রোসফটের অভিমত ভিন্ন। তাদের মতে বিভিন্ন দেশের গভর্নমেন্ট সিকিউরিটি প্রোগ্রাম (জিএসপি) ভিন্ন উদ্যোগ সরকারি কাজের সুবিধার্থে মাইক্রোসফট অফিসের কিছু সিকিউরিটি ও পরিবর্তন প্রয়োজন হবে। সোর্স কোড উন্মুক্ত না হলে এই কাজ করা সম্ভব হয় না। তাই মাইক্রোসফট অফিস ২০০৩-এর সোর্স কোড উন্মুক্ত করে দিচ্ছে।

ক্যানন ডিজিটাল কপিয়ার ও ফ্যাক্স শো ২০০৪ অনুষ্ঠিত

সম্প্রতি ঢাকায় একটি স্থানীয় হোটেল ক্যানন ডিজিটাল কপিয়ার ও ফ্যাক্স শো ২০০৪ অনুষ্ঠিত হয়।

ক্যাননের ডিজিটাল কপিয়ার লি:-এর উদ্যোগে আয়োজিত এই ধর্নশনীতে বিভিন্ন ধরনের ক্যানন ফটো-কপিয়ার এবং ফ্যাক্স-মেশিন প্রদর্শন করা হয়। এসব পণ্যের মধ্যে ক্যানন Fax H120, L220 ও L295 লেজার ফ্যাক্স, মাল্টিপাস C70 ফ্যাক্স, ক্যানন 1210, 1510, 1600, 2000, 3300, 5000 এবং 6000 ডিজিটাল কপিয়ার অন্তর্ভুক্ত।

ইসলাম, পরিচালক মোস্তফা শামসুল ইসলাম ও এইচ. এন. ফিরোজ, ক্যানন সিসাপুর লি:-এর



সাইট এড সাইট ইন্ট এশিয়া বিজিয়ারনের ব্যবস্থাপক যোজার বাকলার ও ব্যবস্থাপক মাহিাসাস সিবারতিন এবং ফ্লোরা লি:-এর কর্মকর্তা নুরুল হায়দার প্রমুখ উপস্থিত ছিলেন।

স্মার্ট টেকনোলজিসের নতুন অফার

বসন্ত দুয়ার খোল চলো যাই সিঙ্গাপুরে

গিলাবিট এবং স্যামসং ব্র্যান্ডের বাংলাদেশে অফারাইজড ডিগার 'স্মার্ট টেকনোলজিস (বিডি) লি: সম্প্রতি 'বসন্ত দুয়ার খোল চলো যাই সিঙ্গাপুরে' শীর্ষক এক বিক্রয় কার্যক্রম শুরু করেছে। এই কার্যক্রমের অধীন স্মার্টের ওয়েংং ৩০ ডিসেম্বরের মধ্যে ৪ ক্যাটাগরিভিত নির্দিষ্ট সংখ্যক গিলাবিট মাদারবোর্ড, অপটিকাল ডিস্ক ড্রাইভ, এজিপি কার্ড এবং স্যামসং হার্ড ডিস্ক ড্রাইভ বিক্রয় করলে বিশেষ পুরস্কার দেয়া হবে।

এই ঘোষণা অনুযায়ী ৪৫০, ৩৫০, ২৫০ ও ১৫০টি মাদারবোর্ড; ৪৫০, ৩৫০, ২৫০ ও ১৫০টি ওডিডি; ৩৫০, ২৫০, ১৭৫ ও ১০০টি এজিপি কার্ড; এবং ৫০০, ৪০০, ৩০০ ও ২০০টি হার্ড ডিস্ক ড্রাইভ বিক্রয়ভিত্তিক যথাক্রমে ঢাকা-সিঙ্গাপুর-ঢাকা, ২১ ইন্ডি ফ্লাট কালার টেলিভিশন, ক্যামেরা মোবাইল ফোন/মাইক্রো ওয়েংং ওয়েংং এবং ডিজিটাল প্রোগ্রাম/মোবাইল ফোন সেট দেয়া হবে।

পবিত্র রমজানে আনন্দ আইআইটি'র বিশেষ ছাড়

মাতৃভাষায় আন্তর্জাতিক মানসম্মত মাল্টিমিডিয়া প্রশিক্ষণ কেন্দ্র আনন্দ আইআইটিতে পবিত্র মাহে রমজান উপলক্ষে ১ বছর মেয়াদী গ্রাফিক্স ও মাল্টিমিডিয়া ডিপ্লোমা কোর্সে ২৫% ছাড়ে ভর্তি কার্যক্রম সম্প্রতি শুরু হয়েছে। এই মুহূর্তে রমজান মাস পর্যন্ত কার্যক্রম হবে। প্রতিষ্ঠানের ৮/৬ সেগুন বাগিচায় গ্রাফিক্স আর্থীদের যোগাযোগের অনুরোধ জানানো হয়েছে। যোগাযোগ: ৯৫৪৫৭৯১।

কমপিউটার সমিতি খুলনা গঠন

খুলনা কমপিউটার সমিতি-এর নতুন কমিটি সম্প্রতি গঠন করা হয়। ১০ সদস্য বিশিষ্ট এই কমিটিতে এস এম জহিরুল হক মাসুম সভাপতি, এবাদুল হক শিমুল সাধারণ সম্পাদক, মো: নূরুল ইসলাম সহ-সভাপতি, এস এম মনিরুল ইসলাম হুগু সম্পাদক, জি এম মোজাম্মিল ইসলাম সাংগঠনিক সম্পাদক, মো: সামছুলক্যাম কোম্পাধ্যক এবং শাহিনুর আলম সিদ্দিকি, মো: অরিফজ্জামান, মো: জাহিদুল মুন্সার ও মো: শহিদুল ইসলাম সদস্য নির্বাচিত হয়েছেন। ১ বছর মেয়াদী কমিটিতে উপসদস্য নির্বাচিত হয়েছেন স্থানীয় কমপিউটার ব্যবসায়ী সৈয়দ মনিরুল ইসলাম।



ইপসন প্রিন্টার বাজারজাতকরণে বিশেষ সাফল্যে ফ্লোরার কর্পোরেট নাইট

বাংলাদেশে সাফল্যজনকভাবে এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী ইপসন প্রিন্টার বিক্রয়ের জন্য ইপসন প্রিন্টারের পরিবেশক ফ্লোরা লি: সম্প্রতি এক কর্পোরেট নাইট-এর আয়োজন করে। এই কর্পোরেট নাইটে ইপসন সিস্যুপরের ব্যবস্থাপনা পরিচালক হিরোমি তাবা,

সিনিয়র মানেজার এলভিন তান, ফ্লোরা লি:-এর ব্যবস্থাপনা পরিচালক এম এম ইসলাম, পরিচালক মোস্তফা শামসুল ইসলাম ও হোসেইন সহিদ ফিরোজসহ বিভিন্ন কর্পোরেট কার্যালয়ের প্রতিনিধি, সাংবাদিক, তথ্য যুগ্ম প্রযুক্তি ও সফল ব্যবসায়ীরা অংশ নেন।



ইপসন কর্পোরেট নাইটে বা থেকে মনিরুজ্জামান, হোসেইন সহিদ ফিরোজ, মোস্তফা শামসুল ইসলাম, এম. এম. ইসলাম, হিরোমি তাবা, এলভিন তান ও মোহাম্মদ মোহাম্মদ

মাইক্রোনেট SP2610 ও SP2612 ল্যান কার্ড গ্লোবাল ব্র্যান্ডের বাজারজাত

কমপিউটার ও তথ্য যুগ্ম প্রযুক্তি পণ্য সামগ্রী প্রকায়জাতকারী প্রতিষ্ঠান গ্লোবাল ব্র্যান্ড প্রা: লি: সম্প্রতি বাংলাদেশে মাইক্রোনেটের এসপি ২৬১০ ও এসপি ২৬১২ সিগাফিট ল্যান কার্ড বাজারজাত শুরু করেছে। IEEE 802.3 এ বি ১০০০ বেসজ-

টি স্ট্যান্ডার্ড এই ল্যান কার্ড ১০/১০০/১০০০ এমবিপিএস সম্পূর্ণ ও অর্ধেক ডুপ্লেক্স সঙ্গপাট করে। সব ধরনের নেটওয়ার্ক ওএস কম্পাটিবল এই ল্যান কার্ড বাংলাদেশে ৩,২০০ টাকায় বিক্রি করা হচ্ছে। যোগাযোগ: ৮১২০২৩০-৪।

মাই লোন ফেয়ার ২০০৪-এ ৬টি কমপিউটার প্রতিষ্ঠান

হংকং সাংহাই ব্যাংকিং কর্পোরেশন (এইচএসবিসি)-এর উদ্যোগে সম্প্রতি অনুষ্ঠিত হয় মাই লোন ফেয়ার-২০০৪। এই মেলায় অন্যান্য প্রতিষ্ঠানের পাশাপাশি ৬টি দেশীয় সফটওয়্যার প্রতিষ্ঠান অংশ নেন। মেলায় ডেটাসফট সিস্টেমস (বাংলাদেশ) লি: তাদের ডেভেলপ করা ডিএস পারফরমিস ও অ্যাসেস

প্রদর্শন করে। এছাড়া ফ্লোরা লি:, ইনডেক্স আইটি লি: ও উইনট্রেড লি: তাদের টলে কমপিউটার সামগ্রী প্রদর্শন করে। এসব কোম্পানি ছাড়াও ড্রাব লি:, খান জাহান আলী কমপিউটারস লি: অংশ নেন। মেলায় বেশ কিছু কমপিউটার পণ্যও বিক্রয় হয় এবং ব্যাপক দর্শক সমাগম ঘটে।

চট্টগ্রামে আন্ত:বিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত

ইন্টারন্যাশনাল ইসলামাবী ইউনিভার্সিটি অফ চট্টগ্রাম (আইআইইউসি) কমপিউটার ক্লাবের উদ্যোগে চট্টগ্রামে সম্প্রতি আন্ত:বিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ইন্ডিপেন্ডেন্ট বিশ্ববিদ্যালয় বাংলাদেশ, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, বিজিসি ট্রাষ্ট বিশ্ববিদ্যালয় ও ব্রিটিশরা বিশ্ববিদ্যালয়ের দল ছাড়াও আইআইইউসি'র ২৪টি প্রোগ্রামিং দল অংশ নেন। প্রতিযোগিতার কার্যক্রম আনুষ্ঠানিক উদ্বোধন করেন আইআইইউসি'র উপাচার্য ড. এ কে এম আলহাজ্বুল ইসলাম। আইআইইউসি'র

আধুনিক বিজ্ঞান ফ্যাকাল্টির ডিন ও কমপিউটার ক্লাবের প্রেসিডেন্ট অধ্যাপক ড. মোহাম্মদ নূরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আইআইইউসি ট্রাস্টের চেয়ারম্যান আলহাজ্ব বদিউল আলিম। ৫ ঘণ্টাব্যাপী অনুষ্ঠিত এই প্রোগ্রামিং প্রতিযোগিতায় ৯টি সমস্যার মধ্যে ৩টির সমাধান করে আইআইইউসি পয়েন্টস দল প্রথম, আইআইইউসি মেরিকস দ্বিতীয় এবং আইআইইউসি ফোর রানার দল তৃতীয় হয়েছে। এছাড়া সেরা মহিলা দল নির্বাচিত হয়েছে আইআইইউসি গোষ্ঠা।

শ্যামলী ও মোহাম্মদপুরে নেট কোয়েস্টের ব্রডব্যান্ড সার্ভিস চালু

তথ্য প্রযুক্তি প্রতিষ্ঠান নেট কোয়েস্ট (বাংলাদেশ) অনলাইন চাকর শ্যামলী ও মোহাম্মদপুর এলাকায় দ্রুতগতি ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস চালু করেছে। ৮ কেবিপিএস বাবে তাদের সংযোগের মাসিক বিল নির্ধারণ করা হয়েছে যা ১ হাজার টাকা। যোগাযোগ: ৯১৩৭৪৫০।

ম্যাভের নতুন কার্যকরী কমিটি গঠন

মান্বিতিনিয়তা ডেভেলপকারী প্রতিষ্ঠানগুলোর সংগঠন মান্বিতিনিয়তা এসোসিয়েশন অব বাংলাদেশ (মাব)-এর নতুন কার্যনির্বাহী কমিটি সম্প্রতি গঠন করা হয়েছে। ১১ সদস্য বিশিষ্ট এই কমিটিতে সিনেটের ডিজিটালের মাহবুবুর রহমান সভাপতি, মো: ইউসুফ আলী ফাউন্ডেশনের মো: মুক্তিগুর রহমান সাধারণ সম্পাদক, ডট ডিজিটালের মাক্ফ আহমেদ ও ডেভোডিল মান্বিতিনিয়তার আনোয়ার হাবিব কাজল সহ-সভাপতি, ই-সফারের আদনাম এম এল করিম যুগ্ম সম্পাদক, শৈলী ডিজিটালের মাসুদুর রহমান কোষাধ্যক্ষ এবং সফি নিয়তার মো: নূরুজ্জামান হপন, ফরনিজ সিকি ডি:এ-এর কাজী জহিরুল হক খোকন, শম কমপিউটারের আফরোজা হক বীনা, আলিম সফটওয়্যার মোদায়েবের হোসেন মুরাদ ও বাসলিয়ারানা'র ওমর ওসমান পরিচালক নির্বাচিত হয়েছেন। নবনির্বাচিত এই কমিটির মেয়াদ হবে ১ বছর।

বাজশাহীতে কমপিউটার শিক্ষক কল্যাণ সমিতি গঠন

কমপিউটার শিক্ষক কল্যাণ সমিতির রাজশাহী শাখা সম্প্রতি গঠন করা হয়েছে। স্থানীয় বরেন্দ্র কলেজে রাজশাহী জেলার কলেজগুলোর কমপিউটার শিক্ষা বিষয়ক শিক্ষকদের এক সভায় ১৫ সদস্যের এই কমিটি আনুষ্ঠানিক গঠন করা হয়। বরেন্দ্র কলেজের কমপিউটার শিক্ষা বিষয়ের প্রভাষক অতিথি মুহাম্মদ হাসানকে সভাপতি ও বাহার শাহ-দোহা ডিবি কলেজের প্রভাষক আবু বকর সিদ্দিককে সাধারণ সম্পাদক নির্বাচিত করে এই কমিটি গঠন করা হয়।

যমুনা ব্যাংক ও স্কয়ার ইনফরমেটিকসের চুক্তি

দেশের শীর্ষ স্থানীয় শিল্পগোষ্ঠী স্কয়ার গ্রুপের সংযোগী প্রতিষ্ঠান স্কয়ার ইনফরমেটিকস লি: এবং যমুনা ব্যাংক লি:-এর মধ্যে সম্প্রতি এক চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তি অনুযায়ী স্কয়ার ইনফরমেটিকস লি:-এর ডি-সার্ভি ব্যবস্থায় যমুনা ব্যাংক লি: অন-লাইন ব্যাংকিং সার্ভিস প্রদান করবে। যমুনা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এম এ চৌধুরী ও স্কয়ার ইনফরমেটিকসের ব্যবস্থাপনা পরিচালক চার্লস লি: আর পাব নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিপত্রে স্বাক্ষর করেন।

BBIT-এর সিলেট শাখা উদ্বোধন


কম্পিউটার শিক্ষা প্রতিষ্ঠান বিবিআইটি-এর সিলেট শাখা সম্প্রতি উদ্বোধন করা হয়। বিবিআইটি দিনআত্র ও এডভান্স লেভেলের প্রোগ্রামিং কোর্স পরিচালনা করে ইতোমধ্যে বেশ সুনাম অর্জন করেছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিষ্ঠানের ম্যানেজিং পার্টনার শাহ আবদুল্লাহ আল ফারুক জানান, ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে লিনআত্র ও এডভান্স কোর্সের ব্যাপক চাহিদা পরিলক্ষিত হওয়ায় তারা সিলেটসহ বিভিন্ন জেলা শহরে বিবিআইটির গ্রন্থির্কণ কার্যক্রম সম্প্রসারণ করবে। ■

গ্লোবাল অনলাইন ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের চুক্তি


ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার গ্লোবাল অনলাইন সার্ভিসেস লি: এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)-এর মধ্যে সম্প্রতি এক চুক্তি স্বাক্ষরিত হয়। ঢাকার একটি স্থানীয় হোটেলে উভয় প্রতিষ্ঠানের উর্কর্তন কর্তৃপক্ষ আনুষ্ঠানিক এই চুক্তিপত্রে স্বাক্ষর করেন। এই চুক্তির শর্তানুযায়ী গ্লোবাল অনলাইনের ইন্টারনেট সংযোগ সুবিধা দিবে বাংলাদেশ ক্রিকেট বোর্ড। ■

জে.এ.এন এসোসিয়েটসের ক্যানোক্যান LiDe 30/LiDe 20 এবং 3000F/3000 প্রিন্টার বাংলাদেশে বাজারজাত

ক্যাননের অথোরাইজড ডিস্ট্রিবিউটর জিআইএস স্ক্যানিং ইলিমেন্ট, জে.এ.এন এসোসিয়েটস লি: সম্প্রতি ১২০০x২৪০০/৬০০x২২০০ ডিপিআই বাংলাদেশে ক্যানোক্যান 3000F/3000 এবং অপটিক্যাল রেজুলেশন, ২৫-৯৬০০ ডিপিআই LiDe 30/20 স্ফাটবেড স্ক্যানার বাজারজাত শুরু করেছে। ক্যানোস্ক্যান 3000F/3000 স্ক্যানারটি ১২০০x২৪০০ ডিপিআই অপটিক্যাল রেজুলেশন, ৬ মাইন কালার সিডিটি স্ক্যানিং ইলিমেন্ট, ২৫-৯৬০০ ডিপিআই সিলেটবেড রেজুলেশন, A4/LTR, 216x297 এমএম স্ক্যানিং সাইজ, ইউএসবি ২.০ হাই-স্পিড ইন্টারফেস, এসি এডাক্টার পাওয়ার সোর্স ফিচার সম্পন্ন। ২৫x৪৪৬০x৭১ মি.মি. ও ২৫x৭x৪৬০x৬১ মি.মি. আয়তন বিশিষ্ট এই স্ক্যানারের ওজন যথাক্রমে ২.৫ কেজি এবং ২.৪ 1255 প্রিন্টার বর্তমানে ৩৬০০ এবং 156০ প্রিন্টার কেজি। এছাড়া LiDe 30/20 স্ফাটবেড স্ক্যানার ৮০০০ টাকার বিক্রয় করা হচ্ছে।



ক্যানোক্যান LiDe 30 স্ক্যানার



ক্যানোক্যান LiDe 20 স্ক্যানার

সিলেটবেড রেজুলেশন, ইউএমবি ২.০ ফুল স্পিড ইন্টারফেস ফিচার সম্পন্ন। ২৫x৩৮৩x৩৪ এমএস আয়তনের এই স্ক্যানারের ওজন ১.৫ কেজি।

জে.এ.এন এসোসিয়েটস এছাড়া ক্যানোক্যান ৫২০০F বাংলাদেশে বাজারজাত শুরু করেছে। এই স্ক্যানারের সাহায্যে প্রাইভ এবং নেগেটিভ রেজুলেশন ৪৮০০x১২০০ উজ্জ্বল-লেসনে স্ক্যান করা যায়। তাছাড়া জে.এ.এন এসোসিয়েটস 1255 এবং 1560 প্রিন্টার হ্রাসকৃত মূল্যে সম্প্রতি বিক্রয় শুরু করেছে।

কম্পিউটার প্রশিক্ষণে ভর্তি চলছে...

- # প্রফেশনাল মাস্টিমিডিয়া প্রোগ্রামিং।
- # প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন।
- # প্রফেশনাল ভিডিও এবং অডিও এডিটিং।

বিশেষ সুযোগ মুখে ১০০০ টাকায় শুধুমাত্র ১৫ দিনের মধ্যে হার্ডওয়্যার খরচ ছাড়া শুধুমাত্র প্রশিক্ষণ।

এছাড়া ফটোশপ, ইলাস্ট্রেটর, প্রিমিয়ার, ম্যাক্স, ফ্রাশ, ডিরেক্টর ভিন্ন ভিন্ন ভাবে প্রশিক্ষণ দিয়ে থাকি...

সম্পূর্ণ বাংলা ভাষায় প্রকাশিত সিডি মিডিয়ায় টিউটোরিয়াল সিডি সমূহ -

- ০১ সোনা মন্দিরের জন্য বাংলা শিক্ষা (সম্পূর্ণ নতুন)
- ০২ স্বাংলা অর্থ সহ ৩০ পার্স আল-কুরআন
- ০৩ হার্ডওয়্যার এক ট্রান্স গটিং (নতুন সংস্করণ)
- ০৪ আপনার পিসি আপনার বন্ধু
- ০৫ এক সিন্ডিকেটে ২টি ডিক্শনারী (ক-ইং/ইং-ক)
- ০৬ এডব ফটোশপ - ৮.০
- ০৭ এডব ইলাস্ট্রেটর - ১১.০
- ০৮ কোয়ার্ক এক্সপ্রেস ৬.০
- ০৯ ভিডিও এডিটিং প্রিমিয়ার প্রো- ও অফটার ইফেক্ট)
- ১০ স্ক্রিট স্টুডিও ম্যাক্স - ৬.০
- ১১ ফ্রাশ-এ, ফ্রাশ এম এক্স
- ১২ ডিজিটাল বেসিক - ৬.০

- ১৩ ডিজিটাল সি ++
- ১৪ অটো ক্যাড
- ১৫ ওরাকল ৮, ৮আই
- ১৬ ডেভলপার - ২০০০
- ১৭ ইন্টারনেট টেকনোলজি
- ১৮ অয়েব পেজ ডিজাইন (ফটোশপ, ফ্রাশ ও প্রিন্স এক্সপ্রেস)
- ১৯ জাভা প্রোগ্রামিং
- ২০ এম এস ওয়ার্ড এক্সপি
- ২১ এম এস এক্সেস এক্সপি
- ২২ এম এস এক্সেল এক্সপি
- ২৩ লিনাক্স, লিনাক্স সেইল প্রোগ্রামিং
- ২৪ ইংলিশ গ্রামার

- ২৫ এইচ টি এল এল
- ২৬ ম্যাগেসিডিয়া ডিরেক্টর এম এক্স
- ২৭ সি/সি ++ প্রোগ্রামিং
- ২৮ কোয়েল ড্র - ১২
২৯. বাংলায় ই-মেইল করার সফটওয়্যার এক্সপ্রেস
৩০. এস কিউ এল সার্ভার
৩১. উইন্ডোজ ২০০০ সার্ভার (নেটওয়ার্কিং)

CD RECORDING

- > VHS TO VCD/DVD.
- > Hi8/8 TO VCD/DVD.
- > CAMERA TO VCD/DVD.
- > CD TO CD.

সিডি মিডিয়া

৮৫, গ্রীন রোড, ফার্মসেট (আবদ ও ছন্দ সিনেমা হলের একই দিকে দক্ষিণ পাশে একটি বিক্রেত পর) ঢাকা -১২০৫ ফোন : ৯১১৮৩৬৮, ৮১২৭৬৩৮, ০১৮৯২৮৬১৫৬, ০১৮৯৮২৪৪৪২।

ড্যাজেল DVC 120 ক্যাপচার কার্ড বাংলাদেশের বাজারে

এক্সটার্নাল ক্যাপচার কার্ড ড্যাজেল DVC 120 সম্প্রতি বাংলাদেশে বাজারজাত শুরু করেছে যোবান স্ট্রাড প্রা: লি:। রিয়েল টাইম ডিজিটাল এনেকোর টিপ ও স্ট্রাডেজ ইউএসবি পোর্ট সমন্বিত এই ক্যাপচার কার্ড পিনাকল সুইকটাসিসহ প্যাকেজ আকারে বিক্রয় করা হচ্ছে। এর সাহায্যে সর্বোচ্চ কনফিগারেশনের পিসি না থাকলেও এনালগ ও ডিজিটাল ম্যানকর্ডার, ভিডিআর বা থেকে পিসি থেকে মানসম্পন্ন ডিভিও ক্যাপচার করা যাবে। কার্ভি বাংলাদেশে 1৫ হাজার ৫০০ টাকার বিক্রি করা হচ্ছে। যোগাযোগ: ৮১২০২৭৩০

অটোডেস্কের নতুন তিকানা

অটোডেস্ক লি: তাদের ব্যবসায়িক কার্যক্রম ও সেবা সম্প্রসারিত করার লক্ষে আরো স্পনসর ও সুন্দর পরিবেশে তাদের দক্ষতার স্থানান্তর করেছে। অটোডেস্কের নতুন তিকানা ৫৩, পুরানা পল্টন (৩য় তলা) বায়তুল আবেদ বিল্ডিং, ফোন: ৭১৬৩০৬২, ৯৫৫৪১৯৪।

ডিএসএল রাউটার বাজারে ১৬% Zyxel-এর দখল

সারা বিশ্বে ডিএসএল রাউটার বাজারের ১৬% দখলে রয়েছে Zyxel-এর। এছাড়া ব্রডব্যান্ড ডিএসএল-এর EMEA মার্কেটের ৪০% দখলে রয়েছে এই কোম্পানি। ২০০১ সাল থেকে পরপর তিনবার ব্রডব্যান্ড মার্কেট বিশেষ অবস্থান অক্ষুণ্ন রেখেছে এই কোম্পানি। বাংলাদেশে এই কোম্পানির ব্রডব্যান্ড রাউটারের পরিবেশক মসিতা কমপিউটারস এন্ড ইঞ্জিনিয়ার্স লি: Zyxel রাউটার বাজারজাত করছে। যোগাযোগ: ৯১২৭১০০।

গ্রী-ডি এনিমেশন ও বাংলাদেশে এর সম্ভাবনা শীর্ষক সেমিনার

দেশের শীর্ষ স্থানীয় মাস্টিমিডিয়া প্রতিষ্ঠান ডেকোডিল মাস্টিমিডিয়া লি: এবং ডেকোডিল ইনস্টিটিউট অব আইটি'র যৌথ উদ্যোগে ৭-৮ অক্টোবর অনুষ্ঠিত হবে গ্রী-ডি এনিমেশন ও বাংলাদেশের সম্ভাবনা শীর্ষক এক কর্মশালা। ডিআইআইটি'র ধানমন্ডি ক্যাম্পাসে অনুষ্ঠিতব্য এই কর্মশালায় টেলিভিশনের বিজ্ঞান চিত্র থেকে শুরু করে কার্টুন ছবি, সিনেমার পেশাল ইফেক্ট, গ্রী-ডি এনিমেশন সম্পর্কিত প্রজেক্ট প্রদর্শন করা হবে। জনপ্রিয় এনিমেশন সফটওয়্যার গ্রী-ডি ম্যাস্টার এবং মায়ার মিস্টার এই প্রজেক্টগুলো পরিচালনা করবেন আরিফ আহমেদ ও হাসান ইমাম জৌরী। কর্মশালায় অংশগ্রহণ আগ্রহীদের ৬ অক্টোবরের মধ্যে ৯টা টাকার ফ্রী দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। যোগাযোগ: ০১৯-২২২৪২৬।

লাইট অন এক্সটার্নাল 8x DVD RW এবং এক্সটার্নাল 8x DVD ড্রুয়েল ড্রাইভ বাংলাদেশে বাজারজাত

ডিজিটাল ড্রাইভ নির্মাতা লাইট অন আইটি'র এক্সটার্নাল 8x DVD RW এবং এক্সটার্নাল 8x DVD ড্রুয়েল ড্রাইভ সম্প্রতি বাংলাদেশে বাজারজাত শুরু করা হয়েছে। OPC TO, এবিএস, সার্ট-বার্ণ, সার্ট-এক্স, এক-রম, অন-লাইন প্রোগ্রামিং ক্যাপাবিলিটি ও H-SAET ফিচার

সম্পন্ন এক্সটার্নাল 8x DVD RW। এছাড়া আই স্পীড ইউএসবি ২.০, ২ মে.বা, ডাটা বাকার মেমরি, 4X-40X ডাটা ট্রান্সফার রেট, 1২০ এনএস রেডম প্রক্রেস টাইম ফিচার সম্পন্ন এক্সটার্নাল 8X DVD ড্রুয়েল ড্রাইভ। এটি উইন্ডোজ ৯৮, এনএস, নি, এক্সপি ও ২০০০ কম্প্যাটবল।

হাইটেক প্রফেশনাল টংগী সেন্টারের সার্টিফিকেট বিতরণ

হাইটেক প্রফেশনাল টংগী সেন্টারের প্রশিক্ষার্থীদের মধ্যে কমপিউটার এপ্রিকেশন কোর্সের সার্টিফিকেট সম্প্রতি আনুষ্ঠানিক বিতরণ করা হয়। এই অনুষ্ঠানে বিশিষ্ট কমপিউটারা লেখক মাহবুবুর রহমান প্রধান অতিথি এবং ম্যানশাল টিউবিস লি:-এর জিএম মাহমুদ সাজ্জাদ বিশেষ অতিথি ছিলেন। হাইটেক প্রফেশনাল-এর, ব্যবস্থাপনা পরিচালক মজিবুর রহমান স্বপনের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রতিষ্ঠানের টংগী সেন্টারের পরিচালক রহমান উল আলম শওকত। অনুষ্ঠানের শেষ পর্যায়ে হাইটেক



পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মাহবুবুর রহমান, মজিবুর রহমান স্বপ্ন, মাহমুদ সাজ্জাদ প্রমুখ হাইটেক প্রফেশনালসের ডেভেলপ করা কয়েকটি সফটওয়্যার প্রদর্শন করা হয়।

বেসিস-এসইডিএফ চুক্তি

২৫-২৮ নভেম্বর অনুষ্ঠিত হবে সফট এক্সপো ২০০৪

বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর উদ্যোগে আয়োজিত সফট-এক্সপো ২০০৪ আসন্ন ২৫ থেকে ২৮ নভেম্বর অনুষ্ঠিত হবে। এই মেলা মুম্বাইয়ে অনুষ্ঠানের লক্ষ্যে বেসিসের পক্ষ থেকে বিভিন্ন উদ্যোগ নেয়া হয়েছে। মেলায় ই-গভর্নেন্স, মুদ্রণ ও মাফারি ব্যবসার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, সফটওয়্যার প্রতিষ্ঠানে অর্থলগ্নি, ই-কমার্সের আইনি ও আর্থিক সমাধান, তথ্য প্রযুক্তি সেবার রঙনিন ইত্যাদি বিষয়ক একাধিক সেমিনার যৌথ উদ্যোগে অনুষ্ঠানের লক্ষ্যে সম্প্রতি বেসিস ও

সাউথ এশিয়া এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ফ্যান্ডাশিপিটি (এসইডিএফ) সম্প্রতি এক চুক্তিপত্র স্বাক্ষর করেছে। বেসিস সভাপতি সারোয়ার আলম এবং এসইডিএফ'র মহাব্যবস্থাপক অনিল সিনহা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিপত্র স্বাক্ষর করেন। এ সময় এসইডিএফের কর্মসূচি ব্যবস্থাপক দীপক অধিকারী, পরামর্শক ড. রোবন উজ জামান, বেসিসের কোষাধ্যক্ষ রফিকুল ইসলাম ও নির্বাহী সদস্য একেএম ফাহিম মাহারুর উপস্থিত ছিলেন।

JETRO আউটসোর্সিং ফেয়ারে বেসিস সদস্যদের অংশগ্রহণের লক্ষে চুক্তি স্বাক্ষর

২৫-২৭ জুয়ারী ২০০৫ জাপানের টোকিওতে অনুষ্ঠিতব্য জেটোর আউটসোর্সিং ফেয়ারে ফর আইটি সফটওয়্যার (e-OFIS)-এর বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) সদস্যদের অংশগ্রহণের লক্ষে জাপান এক্সটার্নাল অর্গানাইজেশন এবং বেসিসের মধ্যে সম্প্রতি এক সমঝোতা পারক স্বাক্ষরিত হয়। এই চুক্তির শর্তনামুত্রে জেটোর বেসিসগোলা জাপানের বাজার, আইসিটি কোম্পানিগুলো সম্পর্কে ডাটাবেজ ইনফরমেশন সার্ভিস দিবে।

জেটোর প্রতিনিধি সোতােরা নিশিকাতো এবং বেসিস সভাপতি সারোয়ার আলম এই সমঝোতা পারক স্বাক্ষর করেন। এ সময় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বেসিস'র সাধারণ সম্পাদক জাহিদুল হাসান মিল্লুল, কোষাধ্যক্ষ রফিকুল ইসলাম রোয়ালি, ভাইস প্রেসিডেন্ট টি.আই.এম, নুরুল কবীর এবং অর্থনৈতিক ইনফরমেশনের ব্যবস্থাপনা পরিচালক এস.এস. কামাল উপস্থিত ছিলেন। জে-ওএফআইএস-এ এবার সারা বিশ্ব থেকে ৫০টির বেশি আইসিটি কোম্পানি অংশ নিবে।

সিটিসেল প্রি-পেইড কার্ডের মেয়াদ বৃদ্ধি

দেশের শীর্ষস্থানীয় মোবাইল ফোন কোম্পানি সিটিসেল-এর ৩০০, ৪০০, ৫৫০, ১১০০, ২২০০ টাকার প্রি-পেইড কার্ডের মেয়াদ সম্প্রতি বাড়ানো হয়েছে। এদের কার্ড মোবাইলে ইন্সটল করার পর গ্রাহক এখন থেকে যথাক্রমে ৩০, ৪০, ৫৫, ১২০ ও ২৫০ দিন পর্যন্ত সেবা নিতে পারবেন। আগের নির্ধারিত সন্ময়ীমা যথাক্রমে ২১, ৩০, ৪৫, ৯০ ও ১৮০ দিনের পরিবর্তে এই সেবা কার্যকর হবে। চলতি মাসের প্রথম দিকে এক ঘোষণার সিটিসেল কর্তৃক একথা জানায়।

৩শ' টাকার একটেল প্রি-পেইড কার্ডের মেয়াদ ৩০ দিনে বর্ধিত

একটেল মোবাইল ফোন-র ব্যবহারকারী টিএম ইন্টা. (বাংলাদেশ) লি.-এর ৩শ' টাকার প্রি-পেইড কার্ডের মেয়াদ সম্প্রতি বাড়ানো হয়েছে। এই কার্ড মোবাইলে ইন্সটল করার পর গ্রাহক এখন ২১ দিনের পরিবর্তে ৩০ দিন পর্যন্ত একই সেবা নিতে পারবেন। চলতি মাসের প্রথম দিকে এক ঘোষণার টিএম ইন্টা. একথা জানায়।

ডিলেজ ফেস্টিভল ২০০৪-এ স্যামসুং হার্ড ডিস্কের উপহার

চট্টগ্রাম-র কম্পিউটার বাজারজাতকারী প্রতিষ্ঠান কম্পিউটার ডিলেজ এবং টেকনো ডিলেজ (পা.) লি.-এর যৌথ উদ্যোগে আয়োজিত ডিলেজ ফেস্টিভল ২০০৪-এ স্যামসুং হার্ড ডিস্ক ড্রাইভ ক্রেতাকে বিশেষ পুরস্কার দেয়া হচ্ছে। ১১ সেক্টর থেকে মাসব্যাপী অনুষ্টে এই মেলায় এসব সুবিধা প্রদান ছাড়াও গিগাবাইটের মাদারবোর্ড, এজিপি কার্ড, অপটিক্যাল ড্রাইভ এবং টুইনসের সেমিরি মডিউল ক্রেতাকে নির্ভরীয় কম্পিউটার সামগ্রী কিনলেই আকর্ষণীয় উপহার দেয়া হচ্ছে। এছাড়া ডিলেজ পিসির সাথে অধিকতর সেবার নিশ্চয়তা ও গিফট বর দেয়া হচ্ছে।

বিসিএস কম্পিউটার সিটিতে ইপসনের প্রোডাক্ট লঞ্চিং ফেস্টিভল

আপারগাঁও আইডিবি ভবনে বিসিএস কম্পিউটার সিটিতে ১৬-১৯ সেক্টরের অনুষ্ঠিত হলো ইপসন প্রোডাক্ট লঞ্চিং ফেস্টিভল। এই ফেস্টিভলের মাধ্যমে ইপসন বাংলাদেশের কম্পিউটার বাজারে ইপসন C-45 টাইলাস প্রিন্টার আনুষ্ঠানিক বাজারজাত শুরু করে। ২৮৮০ ডিপিআই রেজুলেশনে ১২ পিপিএম প্রিন্টিং ক্ষমতাসম্পন্ন ইউএসবি পোর্ট সমন্বিত এই প্রিন্টার ২,৭০০ টাকায় বিক্রি করা হচ্ছে। এই প্রিন্টারের মাধ্যমে ছবি, চিত্র, পোস্টার, টিশার্টে কিভাবে কম খরচে প্রিন্ট করা যায় তা

ফেস্টিভলে ইপসন প্রদর্শন করা হয়। এছাড়া ফেস্টিভলে R210, R310, RX510 ফটো প্রিন্টার ও স্ক্যানার; 830U, C435X ফটোপ্রিন্টার; এবং 3170, 2480, 2580, 4870 ফটো স্ক্যানার প্রদর্শন করা হয়। ফেস্টিভল চলাকালীন সময় কম্পিউটার সিটি ছাড়াও এলিফেন্ট রোড-র ফ্লোরার মন্ডার রিসেলার, রিসেলার ও ডিভার্সদের নিকট থেকে প্রজিটি ইপসন C45, C435X ও ফটো 830U প্রিন্টার ক্রেতাকে আকর্ষণীয় উপহার দেয়া হয়।

ইন্টেল D915GAV মাদারবোর্ড সম্পর্কিত প্রশিক্ষণ অনুষ্ঠিত

ইন্টেল D915GAV মাদারবোর্ড বাংলাদেশে বাজারজাত উপলক্ষ্যে বাংলাদেশে ইন্টেলের পরিবেশক কম্পিউটার সোর্স লি: সম্প্রতি এক প্রশিক্ষণের আয়োজন করে। ঢাকার কম্পিউটার সোর্সের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সে ঢাকার ১০টি কম্পিউটার বাজারজাতকারী প্রতিষ্ঠানের ১০ জন প্রতিনিধি অংশ নেন। বাংলাদেশে ইন্টেলের বিক্রয়



Intel D915GAV মাদারবোর্ড

ব্যবস্থাপক জিয়া মনজুর এবং কম্পিউটার সোর্স লি:-এর টেকনোমার্কেটিং ব্যবস্থাপক সাদিন আহমেদ এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করেন। এ সময় ইন্টেল মাদারবোর্ডের বৈশিষ্ট্য এবং ব্যবহারবিধি সম্পর্কে আলোচনা করা হয়। এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে কম্পিউটার সোর্সের সহ-ব্যবস্থাপক মেহেদী জামান জমিদ এবং উর্জিত নিকিই মোহাম্মদের রহমান উপস্থিত ছিলেন।

বিটিআরসি'র সম্মাননা প্রদান গ্রামীণ ফোনের গ্রাহক সংখ্যা ২০ লাখে উন্নীত

গ্রামীণ ফোনের গ্রাহক সংখ্যা সম্প্রতি ২০ লাখে উন্নীত হয়েছে। এজন্য গ্রামীণ ফোনের বাংলাদেশ টেলিকম রেগুলেটরি কমিশন (বিটিআরসি) সম্প্রতি সম্মাননা প্রদান করেছে। বিটিআরসি'র কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে গ্রামীণ ফোনের ব্যবস্থাপনা পরিচালক ওলা রি-এর হাতে এই সম্মাননা তুলে দেন বিটিআরসি'র চেয়ারম্যান সৈয়দ মাতুব মোরশেদ। এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে

বিটিআরসি'র ভাইস চেয়ারম্যান এ কিউ এম ফারুক, কমিশনার রেজাউল হক, গ্রামীণ ফোনের উপব্যবস্থাপনা পরিচালক হুজুফা ফোডাউজ, বিক্রয় ও বিপণন বিভাগের পরিচালক বেহরুর চৌধুরী, কর্পোরেট এক্সার্স বিভাগের পরিচালক খালিদ হাসান, মানবসম্পদ বিভাগের পরিচালক ফেইন মায়েরজালার সারসনসহ উভয় প্রতিষ্ঠানের উর্জিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

DATA SYSTEMS



Empowering the Internet Generation™

CISCO CCNA

Training & Certification

Are you new to networking or a networking professional looking to advance your career? Then you have only one choice i.e. CCNA(Cisco Certified Network Associate).

CCNA Cisco Certified Network Associate

Internet is powered by CISCO

▶ We are the pioneer in CCNA training in Bangladesh and also have unbelievable SUCCESS with our students.

▶ Our facilities: Well Experienced Faculty. Latest syllabus from Cisco Press.

Biggest Cisco lab with latest CISCO Routers, Catalyst Switch, Ethernet, IBM Token Ring Network. Unlimited lab practice.

ASIA INFOSYS LTD

82, Motijheel C/A, Dhaka-1000, Phone: 956-5876, Email: info@ailweb.com, URL: www.asiainfosys.com

আকর্ষণীয় বোনাসসহ এলজি মনিটর বিক্রি

এলজি মনিটরের বাংলাদেশে ডিস্ট্রিবিউটর গ্লোবাল ব্রান্ড প্রা: লি: সম্প্রতি ঘোষণা দিয়েছে ১৭ ইঞ্চি বা তদুর্ধ্ব মাইক্রো এলজি মনিটর ক্রেতাকে প্রত্যেক মনিটরের সাথে একটি করে টেবিল ঘড়ি বোনাস দিবে। গ্লোবাল ব্রান্ডের প্রধান কার্যালয় হুড়াগাও বিনিএস কম্পিউটার গিটিসহ দেশের অন্যান্য স্থানের ডিলারদের কাছ থেকে উক্ত মনিটর কিনলে এই সুবিধা দেয়া হবে।

একটি ১৭ ইঞ্চি সার্টেন মনিটর

এভারমিডিয়া টিভি কার্ড কিনলে উপহার

এভারমিডিয়ার ডিস্ট্রিবিউটর কম্পিউটার সোর্স লি: সম্প্রতি ঘোষণা দিয়েছে এভারমিডিয়া ইউনর্নাল এবং এন্টারনাল টিভি কার্ড ক্রেতাকে যথাক্রমে এভারমিডিয়া কশম ও এভারমিডিয়া মডিস দিবে। ১ অক্টোবর থেকে কার্যকর এই কর্মসূচি অনুযায়ী কম্পিউটার সোর্স-এর সব রিসেলারদের নিচেই থেকে যেকোন ধরনের টিভি কার্ড কিনলে এই পুরস্কার দেয়া হবে।

বিল গেটস এবারও বিশ্বের শীর্ষ ধনী

ফরবেস ম্যাগাজিনের এক প্রতিবেদন অনুযায়ী মাইক্রোসফট বিল গেটস ২০০৪ সালের শ্রেষ্ঠ ধনী স্থানটি দখল করে আছেন মাইক্রোসফট কর্পো. চেয়ারম্যান ও চীফ সফটওয়্যার অফিসারের উইনিস্টন (বিল) গেটস। তিনি বর্তমানে ৫ হাজার কোটি ডলার সম্পদের মালিক। গত বছর তার সম্পদের পরিমাণ ছিল ৪ হাজার ৮০০ কোটি ডলার। এই তালিকা তৃতীয় স্থানে আছেন মাইক্রোসফটের সহপ্রতিষ্ঠাতা পল আল্যান। তিনি এখন মাইক্রোসফট নেই: বর্তমানে তার সম্পদের পরিমাণ ২,২০০ কোটি ডলার। ৪০০ শীর্ষ ধনীর এই তালিকার দশম স্থানে আছেন ডেল কম্পিউটারের প্রতিষ্ঠাতা মাইকেল ডেল। এর পরের অবস্থানে আছেন মাইক্রোসফটের প্রধান নির্বাহী কর্মকর্তা স্টিভ বলমার। ৩৭তম প্রতিষ্ঠাতা সার্ভে প্রিন্ট ও প্যারি গেজ এই গ্রন্থ এ তালিকা নিজেই অপর্যুক্ত করে গেছেন। তাদের অবস্থান ৪০তম।



গত ১৬ সেপ্টেম্বর এ বিশ্ববিদ্যালয়ের প্যারিসের ভূমিকম্প প্রকৌশল গবেষণা শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. ইফতেখার আনাম। ড. আনাম ইউএপি'র ভূমিকম্প গবেষণার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন এবং এ ক্ষেত্রে তাদের অভিজ্ঞ সাফল্যের কথা তুলে বলেন। বিগত চার বছরে ইউএপি-তে ভূমিকম্প গবেষণার ফলাফল, সম্প্রতি স্থাপিত ন্যাভেটের সুবিধা ও পরবর্তী গবেষণা ও ব্যবহারিক প্রয়োগ বিষয়েও এ সেমিনারে আলোচনা করা হয়।

MIBT-তে ৪ বছর মেয়াদী কম্পিউটার কোর্সে ভর্তি



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার শিক্ষা প্রতিষ্ঠান মার্স ইনস্টিটিউট অব বিজ্ঞানে ৬৩ টেকনোলজি (এমআইবিটি)-তে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং কোর্সে ১ম সেমিস্টারে সম্প্রতি ভর্তি

কার্যক্রম শুরু হয়েছে। সীমিত আসনে এসএসসি পাশ শিক্ষার্থীরা এই কোর্সে ভর্তি হতে পারবেন। প্রতিষ্ঠানের ১ লেক সার্কাস, কংকণাশান, ধানমন্ডি ক্যাম্পাসে ভর্তি চলবে। দক্ষ, অভিজ্ঞ ও মেধাবী শিক্ষক এই কোর্স পরিচালনা করছেন এবং শিক্ষা-প্রশিক্ষণ দিচ্ছেন। যোগাযোগ: ৮১১২২৩৪।

বাংলাদেশ অনলাইন ও সিবিএন'র চুক্তি

দেশের পুঁজি বাজারে ইলেকট্রনিক বুক এন্ট্রির মাধ্যমে শেয়ার লেনদেনের লক্ষ্যে বাংলাদেশ অনলাইন লি: (বিওএল) ও সেন্ট্রাল ডিস্ট্রিবিউটর বাংলাদেশ লি: (সিডিবিএল) সম্প্রতি একটি চুক্তি করেছে। বাংলাদেশ অনলাইনের ব্যবস্থাপনা পরিচালক গোঁড়ুী হফিকুন্নূর হযনে এবং সিডিবিএল'র ব্যবস্থাপনা পরিচালক এম এইচ সামাদ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিপত্রে স্বাক্ষর করেন। এ সময় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বাংলাদেশ

অনলাইনের পরিচালক ও কে চৌধুরী, নির্বাহী পরিচালক বি কে নাথ, কোম্পানি সচিব মো: আমাদ উল্লাহ, চিক অর্ডারেটিং অফিসার সামউল হোসেন, প্রধান তথ্য কর্মকর্তা এহসান শাফি চৌধুরী, সিডিবিএন'র নির্বাহী সুমন দাস প্রমুখ উপস্থিত ছিলেন। এই চুক্তির শর্তানুযায়ী সিডিবিএল বিওএল'র কাজে শেয়ারকে ইলেকট্রনিক্স শেয়ারে পরিণত করবে। এতে কাগজে শেয়ার নট ও মকল হওয়ার সম্ভাবনা থাকবে না।

ইউএপি আয়োজিত সেমিনারে আইসিটি মন্ত্রী

মৌল বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণায় সরকার সহযোগিতা দেবে

বিশেষ প্রতিবেদক: "বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে যে কোন ধরনের মৌল গবেষণার হাফাসন পৃষ্ঠপোষকতা যোগাতে বিজ্ঞান ও আইসিটি মন্ত্রণালয় কলনাই বিদ্যুৎ হবে না। কারণ, মৌলিক গবেষণাই শুধু বিজ্ঞান ও প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে পারে"। ইউনিভার্সিটি অব এশিয়া পাসিফিক (ইউএপি) আয়োজিত ভূমিকম্প গবেষণা বিষয়ক এক সেমিনারে প্রধান অতিথির ভাষণে বিজ্ঞান ও আইসিটি মন্ত্রী ড. আব্দুল মঈন খান একথা বলেন।

গত ১৬ সেপ্টেম্বর এ বিশ্ববিদ্যালয়ের প্যারিসের ভূমিকম্প প্রকৌশল গবেষণা শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. ইফতেখার আনাম। ড. আনাম ইউএপি'র ভূমিকম্প গবেষণার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন এবং এ ক্ষেত্রে তাদের অভিজ্ঞ সাফল্যের কথা তুলে বলেন। বিগত চার বছরে ইউএপি-তে ভূমিকম্প গবেষণার ফলাফল, সম্প্রতি স্থাপিত ন্যাভেটের সুবিধা ও পরবর্তী গবেষণা ও ব্যবহারিক প্রয়োগ বিষয়েও এ সেমিনারে আলোচনা করা হয়।

ইউএপি'র সহকারী অধ্যাপক ড. আনাম তাঁর মূল আলোচনার এ বিশ্ববিদ্যালয়ের ভূমিকম্প

প্রবীণগণ বিষয়ে গবেষণার তিনটি বিষয় তুলে ধরেন। এ বিষয়গুলোর মধ্যে আছে: এ বিষয়ে এ বিশ্ববিদ্যালয়ে সংযোজন ও পরীক্ষা সংক্রান্ত যেসব কাজ হয়েছে তাঁর ঘটনাক্রম, গবেষণা সুবিধার সম্প্রতি উন্নতির উপস্থাপন এবং এ গবেষণার ক্ষেত্রে তাদের অভিমত পরিকল্পনা।

বিগত চার বছরে এ সংক্রান্ত গবেষণার লক্ষ্য ছিলো ভাট্টিক ও সাংঘাতিক মতলে তৈরি করা, যাতে করে এসব মডেলের সাহায্যে এবং ধরনের কাঠামোর গতিশীল বিশ্লেষণ করা সম্ভব হয়। এসব কাজের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে 'রিইনফোর্সড' কনক্রিট ভবন, সেতু, বাঁধ, ইস্পাতের তৈরি টাওয়ারের সরল ত্রৈিক ও অ-সরল ত্রৈিক বিশ্লেষণ। বিভিন্ন ধরনের ভূমিকম্পের ও বোম্বার প্রেক্ষিত এ বিশ্লেষণ পরিচালিত হয়। বিভিন্ন কাঠামোর ওপর ভূমিকম্পের সম্ভাব্য প্রভাবও সেমিনারে প্রদর্শন করা হয়।

উল্লেখ্য, ইউএপি-তে ভূমিকম্প নিয়ে পরীক্ষা-নিরীক্ষার যে সব সুযোগ-সুবিধা সৃষ্টি করা হয়েছে, তা স্থানীয় উৎস থেকে স্থানীয় বিশেষজ্ঞরাই তৈরি করেছেন। এসব সুযোগ-সুবিধা বাংলাদেশে এই প্রথম। ইউএপি এক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে। তবে এ বিশ্ববিদ্যালয়ে কর্তৃপক্ষ মনে করেন, এ বিষয়ে বাংলা ব্যাপক গবেষণা দরকার। কারণ, বাংলাদেশে ভবিষ্যতে মারাত্মক ভূমিকম্প-সহ বিপর্যয়ের মুখোমুখি হতে পারে। সে দিকটি বিবেচনা করে বিশ্ববিদ্যালয় এ বিষয়ে গবেষণার পরিধি সম্প্রসারণের সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ।

বিসিএস কমপিউটার সিটিতে 'কাষ্টমার কেয়ার উইক ২০০৪' অনুষ্ঠিত


আগারগাঁওয়ে বিসিএস কমপিউটার সিটির ৬ষ্ঠ বর্ষপূর্তী উপলক্ষে ১১ সেপ্টেম্বর থেকে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত কাষ্টমার কেয়ার উইক ২০০৪-এর আয়োজন করা হয়। এই অনুষ্ঠানের কার্যক্রম আনুষ্ঠানিক উদ্বোধন করেন শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এহসানুল হক মিলন। অনুষ্ঠানে বিসিএস সভাপতি এন. এম. ইকবাল বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া বিসিএস সহ-সভাপতি আহমেদ হাসান জুয়েল সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কমপিউটার সিটির সভাপতি আজিম উদ্দিন আহমেদ।

দেশের সর্ববৃহৎ কমপিউটার মার্কেটের সর্বির্ক সুবিধা, উত্তম সেবা, বিক্রয়কার শেখার নিশ্চয়তা, সর্বোপরি ক্রেতা ও বিক্রেতার মধ্যে সৌহার্দের সৈত্ব বন্ধন তৈরির লক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ কার্যক্রম সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষে মশিউর রহমান তুহারকে আহ্বায়ক করে একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

কাষ্টমার কেয়ার উইক উপলক্ষে দুকনেট প্রকাশ, ক্রী ব্রাউজিংহে অন্যন্য সুযোগ-সুবিধা প্রদান করা হয়।

আসুস'র P4P800-VM মাদারবোর্ড বাংলাদেশে গ্লোবাল ব্রান্ডের বাজারজাত

মাদারবোর্ড নির্মাতা কোম্পানি আসুস'র ইন্টেল ৪৬৫ চিপসেট সমৃদ্ধ আসুস P4P800-VM মাদারবোর্ড সম্প্রতি বাংলাদেশে বাজারজাত শুরু করেছে। গ্লোবাল ব্র্যান্ড প্রা: লি:। ৮০০ মে.হা. দ্রুত সাইড বাস, DDR 400 মেমরি,



হাইপারড্রাইভিং টেকনোলজি সমৃদ্ধ ৩.৪ গি.হা. পেটিয়াম ৪ হার্ডসের সাপোর্টকারী ইন্টেল ৪৬৫ চিপসেট সমন্বিত এ মাদারবোর্ড

ইন্টেল এক্সট্রিম গ্রাফিক্স ২, সিরিয়াল ATA টেকনোলজি, ৬ চ্যানেল অডিও, ১০/১০০ এমবিপিএস গ্যান সাপোর্ট, আসুস ইন্ডেক্স গ্লান্স ব্যাজেস, আসুস ক্র্যাশ ক্রী ব্যাজেস ২ ফিচার সমৃদ্ধ।

আসুস (DVI) কার্ড এটি সাপোর্ট করে। তাই এতে টিভি, ডেলসিডি এবং ডিজিটাল ডিভিও আউটপুট পোর্ট সমন্বিত করা হয়েছে।

স্মার্ট টেকনোলজিস'র সতর্কতা বাংলাদেশে নকল TwinMOS মেমরি মডিউল

